minister AC
মাসিক কিস্তি
৳২০০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com




রবিবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৮২ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০১ শ্রাবণ ১৪৩০ ॥ ২৭ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ১৬ জুলাই ২০২৩

## শেখ হাসিনার সরকারের সময়ে গণমাধ্যমের প্রসার লক্ষণীয়



**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের সময়ে দেশের টিভি চ্যানেলসহ গণমাধ্যমের উল্লেখযোগ্য প্রসার লক্ষণীয়। গতকাল শনিবার রাজধানীর কারওয়ান বাজারে এটিএন বাংলা অফিসে চ্যানেলটির ২৬বছর পূর্তি' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

## কার্টুনিস্ট কুদ্দুস আর নেই



**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা সাংবাদিক ইউনিয়নের সিনিয়র সহ-সভাপতি ও কার্টুনিস্ট এম এ কুদ্দুস আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গতকাল সকাল সাড়ে ৮টার দিকে শাহীনবাগের বাসায় স্ট্রোক করে মারা গেছেন তিনি। এম এ কুদ্দুসের ভাই ও সাংবাদিক শাহজাহান মোল্লা জানিয়েছেন, সাড়ে ৮টার দিকে শাহীনবাগের বাসায় স্ট্রোক করে মারা যান এম এ কুদ্দুস।

## অল্পের জন্য গাড়ি দুর্ঘটনা থেকে বাঁচলেন মেসি



**স্পোর্টস ডেস্ক :** ফ্লোরিডায় মাত্রই থাকতে শুরু করেছেন লিওনেল মেসি। এখনো যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের (এমএলএস) ক্লাব ইন্টার মায়ামিতে তাঁর বরণ অনুষ্ঠান হয়নি। আজ সমর্থকদের সঙ্গে আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়ককে পরিচয় করিয়ে দেবে ক্লাবটি। এর আগেই বড় এক দুর্ঘটনায় পড়তে বসেছিলেন মেসি।

# চোখ পরীক্ষা করতে গিয়ে অনাথ শিশুর দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী



**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে আজ চোখ পরীক্ষা করতে গিয়েছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় হাসপাতালে চিকিৎসা নিতে আসা রোগী ও তাদের স্বজন, চিকিৎসক, নার্স, কর্মচারীসহ সকলের সঙ্গে কুশল বিনিময় করেন তিনি। ঠিক সেই মুহূর্তে ছোট্ট রাব্বির দিকে চোখ পড়ে তার। কথা বলেন তার সঙ্গে। রাব্বির কথা শুনে আবেগাপ্লুত হয়ে পড়েন তিনি। এরপর রাব্বির সব দায়িত্ব নিয়ে নিয়ে নেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এসব তথ্য নিশ্চিত করা হয়েছে।

জানা গেছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা শনিবার জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে সাধারণ রোগীর মতো ১০ টাকায় টিকিট কেটে চোখের চিকিৎসা নেন। হাসপাতাল ত্যাগ করার সময় তিনি হাসপাতালে চিকিৎসা নিতে আসা রোগী ও তাদের স্বজন, চিকিৎসক, নার্স, কর্মচারীসহ সকলের সঙ্গে কুশল বিনিময় করেন ও ছবি তোলেন। এসময় ভিড়ের মাঝে দাঁড়িয়ে থাকা ছোট্ট রাব্বির দিকে চোখ পড়ে প্রধানমন্ত্রীর। তিনি এগিয়ে যান, পরম মমতায় আদর করেন শিশুটিকে। প্রধানমন্ত্রী ছোট্ট রাব্বির কাছে জানতে চান- কী করে সে, কার সঙ্গে হাসপাতালে এসেছে, কোন ক্লাসে পড়ে।

১১ বছরের রাব্বি জানায়, সে চক্ষু বিজ্ঞান হাসপাতালের ক্যান্টিনে কাজ করে। সেখানেই থাকে। তার বাবা মারা ২-এর পাতায় দেখুন



## শেখ হাসিনার কারাবন্দি দিবস আজ

**নিজস্ব প্রতিবেদক :** বঙ্গবন্ধুকন্যা আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার কারাবন্দী দিবস আজ। ১/১১-এর তত্ত্বাবধায়ক সরকারের সময় বিভিন্ন মিথ্যা-বানোয়াট, হয়রানি ও ষড়যন্ত্রমূলক মামলায় ২০০৭ সালের ১৬ জুলাই বঙ্গবন্ধু কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গ্রেফতার করা হয়েছিল। ওই সময় শেখ হাসিনার মুক্তির দাবিতে ঢাকা মহানগর আওয়ামী লীগ ২-এর পাতায় দেখুন



## ঢাকায় এসে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে গেলেন আদানি

**নিজস্ব প্রতিবেদক :** স্বল্প সময়ের জন্য ঢাকা সফরে এসে ফিরে গেছেন ভারতের আদানি গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান গৌতম আদানি। ভারতের ঝাড়খন্ড রাজ্যের গোড্ডা জেলায় আদানি গ্রুপের নির্মিত ১ হাজার ৬০০ মেগাওয়াট ক্ষমতার কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রটি পুরোপুরি চালু হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানাতে সংক্ষিপ্ত সফরে ঢাকায় আসেন ২-এর পাতায় দেখুন



# শেখ হাসিনার নেতৃত্বে সুষ্ঠু নির্বাচন সম্ভব : ইইউ দলকে আওয়ামী লীগ



**নিজস্ব প্রতিবেদক :** সংবিধানের বর্তমান কাঠামো অবিকৃত রেখে শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী রেখে বাংলাদেশে অবাধ ও সুষ্ঠু নির্বাচন সম্ভব বলে ঢাকায় সফররত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) প্রতিনিধিদের জানিয়েছে ক্ষমতাসীন আওয়ামী লীগ।

গতকাল শনিবার (১৫ জুলাই) দুপুরে ঢাকার শেরাটন হোটেলে ইইউর প্রাক-নির্বাচনী প্রতিনিধি দলের সঙ্গে দেড় ঘণ্টা বৈঠকের পর সাংবাদিকদের এ কথা জানিয়েছেন ক্ষমতাসীন দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

তিনি বলেন, 'এখানে মূলত একটা ব্যাপারে আমাদের অঙ্গীকার তাদের (ইইউ) চাওয়া, সেটা হল বাংলাদেশে তারা একটা অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন তারা চান এবং আমরাও বলেছি, একটি অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন শেখ হাসিনার নেতৃত্বে, বাংলাদেশ আওয়ামী লীগের নেতৃত্বে সম্ভব।' সংবিধানের বাইরে গিয়ে অন্য কোনোভাবে নির্বাচনের কোনো আলোচনা হয়নি জানিয়ে কাদের বলেন, 'বাংলাদেশের সংবিধান, সার্বভৌমত্ব, আইনি ব্যবস্থার উপর ভিত্তি করে তারা একটি নির্বাচন দেখতে চায়। তারা নির্বাচন ব্যবস্থার সংস্কারে আশ্বস্ত হয়েছেন বলে আমাদেরকে জানিয়েছেন।' নির্বাচনকালীন সরকার নিয়ে বাংলাদেশে প্রধান দুই রাজনৈতিক শিবিরে মতভেদের মধ্যে দ্বাদশ সংসদ নির্বাচনের কয়েক ২-এর পাতায় দেখুন

## আমাদের দফা একটি, সুষ্ঠ নির্বাচন -- জাপা মহাসচিব

**নিজস্ব প্রতিবেদক :** দেশের মানুষ একটি নিরপেক্ষ নির্বাচন চায় বলে মন্তব্য করেছেন জাতীয় পার্টির (জাপা) মহাসচিব মো. মুজিবুল হক। তিনি সাংবাদিকদের বলেন, 'আমাদের দফা একটি, সুষ্ঠ নির্বাচন।'

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে মুজিবুল হক এসব কথা বলেন।

গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার দিকে ইইউ প্রতিনিধিদলের সদস্যরা জাতীয় পার্টির চেয়ারম্যানের বিশেষ দূত মশরুর মাওলার গুলশানের বাসায় পৌঁছান। পরে সেখানে জাতীয় পার্টির নেতাদের সঙ্গে প্রায় পৌনে এক ঘণ্টা বৈঠক করেন তাঁরা।

# আওয়ামী লীগ সরকারের অধীনে নির্বাচন নয় : ইইউ প্রতিনিধি দলকে বিএনপি



**নিজস্ব প্রতিবেদক :** ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের অধীনে নির্বাচনে অংশ নেবে না বলে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) প্রতিনিধি দলকে জানিয়েছে বিএনপি। শনিবার (১৫ জুলাই) গুলশানে বিএনপি চেয়ারপার্সনের রাজনৈতিক কার্যালয়ে ইইউ প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে বিএনপি তাদের এ অবস্থান জানায়।

বৈঠক শেষে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী সাংবাদিকদের বলেন, বাংলাদেশের নির্বাচনকে নিয়ে সারাবিশ্বের নজর কেন, এটাই হচ্ছে প্রশ্ন। কেন ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি দলকে এখানে এসে নির্বাচন নিয়ে তাদের মতামত দিতে হচ্ছে? দক্ষিণ এশিয়ার অন্য কোনো দেশে তো তাদের যেতে হচ্ছে না। কেন বাংলাদেশে আসতে হচ্ছে? এটা সবার মনে প্রশ্ন। তাদের মনেও হয়ত একই প্রশ্ন কেন এখানে আসতে হচ্ছে। স্বাভাবিকভাবে বর্তমান সরকারের অধীনে নির্বাচন যে প্রশ্নবিদ্ধ ও গ্রহণযোগ্য নয় এটাই তার ভিত্তি।

গতকাল সারাবিশ্ব বাংলাদেশের নির্বাচনে তাদের নজর দিয়েছে উল্লেখ করে আমির খসরু বলেন, তারা তাদের মতামত প্রকাশ করছে। তারা জানতে চাইছে আগামী দিনে নির্বাচন আদৌ জনগণের ভোটের মাধ্যমে হবে কি না। আর আমাদের পক্ষ থেকে যেটা ২-এর পাতায় দেখুন

## ইইউ প্রতিনিধিদলকে যা বললো জামায়াতে ইসলামী

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ সরকারের অধীনে দেশে সুষ্ঠু নির্বাচন হতে পারে না বলে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলকে জানিয়েছে জামায়াতে ইসলাম। শনিবার (১৫ জুলাই) বিকেলে গুলশানে ইউরোপীয় ইউনিয়নের কার্যালয়ে ইইউয়ের প্রাক-নির্বাচন পর্যবেক্ষক দলের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের ব্রিফিংকালে এ কথা বলেন দলটির নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের।

জামায়াতের এই নেতা বলেন, আওয়ামী লীগের অধীনে সুষ্ঠু নির্বাচন হতে পারে না সে বিষয়টি আমরা ইইউ প্রতিনিধিদলকে জানিয়েছি। দেশ বাঁচাতে হলে নিরপেক্ষ ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে ডিডিএলজি হিসাবে শামিম হোসেনের যোগদান

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরে স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক (ডিডিএলজি) হিসাবে যোগদান করেছেন শামিম হোসেন। শনিবার সকালের দিকে শামীম হোসেন স্থানীয় সরকার বিভাগের উপ পরিচালক হিসেবে জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের ২-এর পাতায় দেখুন

## গাংনীতে শিশু বলাৎকারের দুই সহযোগী গ্রেপ্তার

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে শিশু বলাৎকারে ঘটনায় মুরগী ব্যবসায়ী মুরছালিনের দুই সহযোগীকে গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার (১৪ জুলাই) দিবাগত রাতে তাদের গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃতরা হলো, গাংনী শহরের মাঠপাড়ার বিশারত আলীর ছেলে আখের আলী ও শফিকুল ইসলামের ছেলে শিশু রাহুল। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, শিশু বলাৎকারের ঘটনায় তার দুই সহযোগীকে এসআই জহির রায়হান সঙ্গীয় ফোর্স নিয়ে তাদের বাড়ি থেকে গ্রেপ্তার করেন। এছাড়া মুরছালিনকে গ্রেপ্তারের করতে ২-এর পাতায় দেখুন

# চুয়াডাঙ্গার বিভিন্ন স্থানে এম এ রাজ্জাক খানের নৌকার পক্ষে গণসংযোগ



**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার বিভিন্ন স্থানে নৌকার পক্ষে গণসংযোগ করেছেন মিনিস্টার মাই ওয়ান গ্রুপের চেয়ারম্যান, বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা উপ-কমিটির সদস্য, এফ বি সি সি আই'র সহ-সভাপতি এম এ রাজ্জাক খান রাজ। গতকাল সকাল থেকে বিকাল পর্যন্ত গোকুল খালি, আসমান খালি, ভালাইপুরসহ বিভিন্ন ইউনিয়নে নৌকার পক্ষে গণসংযোগ করেন ও সাধারণ মানুষের মাঝে গাছের চারা বিতরণ করেন তিনি।

এ সময় সাধারণ মানুষের সাথে আগামী দ্বাদশ নির্বাচনে নৌকার পক্ষে ভোট চাওয়ার জন্য সকল সাধারণ মানুষের কাছে আবদার করেন। সেই সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নমূলক কর্মকান্ড তুলে ধরেন সাধারণ মানুষের মধ্যে। গণসংযোগে এম এ রাজ্জাক খান রাজ বলেন, বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে বিশ্ব যুব দক্ষতা দিবস পালিত

**নিজস্ব প্রতিবেদক :** 'সম্ভাবনাময় ভবিষ্যৎ বিনির্মাণে শিক্ষক, প্রশিক্ষক ও যুবশক্তির দক্ষতা উন্নয়ন' এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব যুব দক্ষতা দিবস পালিত হয়েছে।

ঝিনাইদহ কারিগরি প্রশিক্ষন কেন্দ্র ও সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের আয়োজনে শনিবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র‍্যালী বের করা হয়। র‍্যালীটি ২-এর পাতায় দেখুন

### ইবিতে ছাত্রী নির্যাতন

# অন্তরাসহ ৫ ছাত্রী এক বছরের জন্য বহিষ্কার

**নিজস্ব প্রতিবেদক :** কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ফুলপরী খাতুনকে নির্যাতনের ঘটনায় অভিযুক্ত বিশ্ববিদ্যাল ছাত্রলীগের সানজিদা চৌধুরী অন্তরাসহ পাঁচজনকে এক বছরের জন্য বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ের ২০২ নং কক্ষে অনুষ্ঠিত শৃঙ্খলা কমিটির মিটিংয়ে এ সিদ্ধান্ত নেওয়া হয়। প্রক্টর অধ্যাপক ড. শাহাদৎ হোসেন আজাদ এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের আইনে এটা সর্বোচ্চ শাস্তি। এই সময়ে বহিষ্কৃতরা বিশ্ববিদ্যালয়ে ক্লাস ও পরীক্ষাসহ কোনো কিছুতেই অংশ নিতে পারবেন না। বহিষ্কার হওয়া পাঁচ শিক্ষার্থী হলেন- ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ২-এর পাতায় দেখুন

### ছাত্রলীগ নেত্রীসহ ৫ জনকে বহিষ্কারের সিদ্ধান্তে যা বললেন ফুলপরী

**ইবি প্রতিনিধি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) দেশরত্ন শেখ হাসিনা হলের গণরুমে ছাত্রী নির্যাতনের ঘটনায় অভিযুক্ত ছাত্রলীগ নেত্রীসহ পাঁচজনকে এক বছরের জন্য বহিষ্কারের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তবে এ ২-এর পাতায় দেখুন



## সৌদি আরবে অগ্নিকাণ্ডে ৯ বাংলাদেশির মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** সৌদি আরবের একটি সোফা তৈরির কারখানায় অগ্নিকাণ্ডে নয়জন বাংলাদেশি নাগরিকের মৃত্যু হয়েছে। দুর্ঘটনায় একজন ভারতীয় নাগরিকও মারা গেছেন। শুক্রবার স্থানীয় সময় বিকাল ৪টার দিকে রাজধানী রিয়াদ থেকে ৩৫০ কিলোমিটার পূর্বে আল আহসা শহরের হুফুফ ইন্ডাস্ট্রিয়াল সিটি এলাকার ওই কারখানায় ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।



## মাগুরায় উচ্চ ফলনশীল জাতের ওলকচু চাষে লাভবান কৃষকরা

**নিজস্ব প্রতিবেদক :** মাগুরা সদর উপজেলার হাজিপুর ইউনিয়নের দ্বারিয়াপুর গ্রামের অন্তত ৩০টি কৃষক পরিবার উচ্চ ফলনশীল জাতের ওলকচু চাষ করে লাভবান হচ্ছেন। তারা কয়েক বছর ধরে স্থানীয় ও মাদ্রাজী জাতের উচ্চ ফলনশীল ওলকচু চাষ করে আসছেন। ভালো ২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহের কনিকা স্টুডিওতে ছবি তুলতে অস্বাভাবিক মূল্য, গ্রাহক হয়রানির অভিযোগ




**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শহরের থানা গেটের পাশে মকবুল প্লাজার নিচতলায় কনিকা স্টুডিও এন্ড কালার ল্যাবে ছবি তুলতে ও প্রিন্ট দিতে অস্বাভাবিক মূল্য নেওয়া হচ্ছে। সেই সাথে গ্রাহককে নাজেহাল করার অভিযোগ উঠেছে। এতে করে সরকারি বেসরকারি দপ্তরে চাকরির পরীক্ষা, পাসপোর্ট, ভিসাসহ প্রয়োজনীয় ছবি তুলতে গিয়ে প্রতিনিয়তই হয়রানির স্বীকার হচ্ছে গ্রাহকরা। মানুষের দৈনন্দিন জীবনে কালার ল্যাবে প্রিন্ট করা ছবির দরকার হলে কনিকা স্টুডিও থেকে ছবি তোলার প্রয়োজন হয়। আর এ সুযোগ কাজে লাগিয়ে প্রতিষ্ঠানটি ইচ্ছা মত মূল্য তালিকা তৈরি করে বর্তমান বাজার দরের থেকে বেশি পরিমানে টাকা হাতিয়ে নিচ্ছে। নাম প্রকাশে অনিচ্ছুক ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com
রবিবার ১৬ জুলাই ২০২৩

# যশোর-২ আসনে মাঠে-ময়দানে প্রার্থীরা চলছে দলীয় প্রতিক নেওয়ার লড়াই

**এস আর নিরব, যশোর :** বাংলাদেশ আওয়ামী লীগ, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও জাতীয় পার্টির পক্ষে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে যশোর-২ (চৌগাছা-ঝিকরগাছা) আসনে দলীয় মনোনয়ন প্রত্যাশী একাধিক প্রার্থী ইতিমধ্যে মাঠে-ময়দানে তাদের রাজনৈতিক কর্মকান্ডকে কাজে লাগিয়ে প্রতিক নেওয়ার লড়াই চলেছে। তবে বাংলাদেশ জামায়াতে ইসলামী পক্ষে একক প্রার্থীর নাম প্রকাশ হয়েছে। ৪ লক্ষ ৫৩ হাজার ২ শত ৩৮ জন ভোটার নিয়ে দুই উপজেলা (চৌগাছা-ঝিকরগাছা) মিলে যশোর-২ আসন। আর এই আসনে প্রার্থীরা রাজনৈতিক পর্যায়ে সমর্থন আদায়ের জন্য সভা, সমাবেশ, উঠোন বৈঠক, ভোটারদের বাড়ি বাড়ি, ইউনিয়ন, হাটবাজার, চায়ের দোকানে গিয়ে ভোটারদের সাথে কুশল বিনিময় করছে ও বিভিন্ন গাছ বা সুবিধাজনক স্থানে বিলবোর্ড, ব্যানার টাঙ্গিয়ে ভোটারদের মনোযোগ আকর্ষণের চেষ্টা করে চলেছেন। অসুস্থ নেতাকর্মীদের বাড়ি-বাড়ি গিয়ে খোঁজ-খবর নিচ্ছেন এবং কোন মৃত ব্যক্তিদের সংবাদ পেলেই নেতাকর্মীদের নিয়ে মৃত ব্যক্তির বাড়িতে গিয়ে সান্তন-াসহ জানাজা নামাজে অংশগ্রহণ করতে দেখা যাচ্ছে।




যশোর-২ (চৌগাছা-ঝিকরগাছা) আসনে আওয়ামীলীগের মনোনয়ন প্রত্যাশীরা হলেন, বর্তমান আওয়ামী লীগের নৌকা প্রতীকে নির্বাচিত জাতীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অব.) ২-এর পাতায় দেখুন

## যশোরে কোভিডে একজনের মৃত্যু, দেশে শনাক্ত ৩৬

**নিজস্ব প্রতিবেদক :** দেশে গত এক দিনে আরও ৩৬ জন কোভিড রোগী শনাক্ত হয়েছে; এ সময়ে যশোরে মৃত্যু হয়েছে একজনের। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, শনিবার সকাল পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় ৭২২টি নমুনা পরীক্ষা করে এই ৩৬ রোগী শনাক্ত হয়। তাতে দিনে শনাক্তের হার হয়েছে ৪ দশমিক ৯৯ শতাংশ; আগের দিন শনাক্তের হার ছিল ৫ দশমিক ০৪ শতাংশ। নতুন রোগীদের নিয়ে দেশে মোট শনাক্ত কোভিড রোগীর সংখ্যা হয়েছে ২০ লাখ ৪৩ হাজার ৪৮৫ জন। একজনের মৃত্যু হওয়ায় মোট মৃত্যু ২৯ হাজার ৪৬৪ জনে দাঁড়াল। এদিকে গত ২৪ ঘণ্টায় ৬৪ জন রোগী সেরে উঠেছেন; তাদের নিয়ে এ পর্যন্ত সুস্থ হলেন ২০ লাখ ১০ হাজার ৩৮০ জন। গত একদিনে শনাক্ত রোগীদের মধ্যে ২৫ জন ঢাকার; এর বাইরে কক্সবাজারে সাতজন, চট্টগ্রাম ও সিলেটে দুজন করে নতুন রোগী শনাক্ত হয়েছে। বাংলাদেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল ২০২০ সালের ৮ মার্চ। ডেল্টা ভ্যারিয়েন্টের ব্যাপক বিস্তারের মধ্যে ২০২১ সালের ২৮ জুলাই দেশে রেকর্ড ১৬ হাজার ২৩০ জন নতুন রোগী শনাক্ত হয়। প্রথম রোগী শনাক্তের ১০ দিন পর ২০২০ সালের ১৮ মার্চ দেশে প্রথম মৃত্যুর তথ্য নিশ্চিত করে স্বাস্থ্য অধিদপ্তর। ২০২১ সালের ৫ ও ১০ অগাস্ট ২৬৪ জন করে মৃত্যুর খবর আসে, যা মহামারীর মধ্যে এক দিনের সর্বোচ্চ সংখ্যা।

## ঝিনাইদহে নলডাঙ্গা ইব্রাহিম মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নে সমাবেশ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান নলডাঙ্গা ইব্রাহিম মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে অত্র প্রতিষ্ঠানের সভাপতি ও নলডাঙ্গা রাজবাড়ী পার্ক এন্ড রিসোর্টের সিইও ইমদাদুল হক সোহাগের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান, সহকারী পুলিশ সুপার শ্যামল কুমার কুন্ডু, সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা, কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমান, জেলা গোয়েন্দা শাখার (ওসি) শাহীন উদ্দিন, ২-এর পাতায় দেখুন



## গাংনীতে জোরপূর্বক জমি দখলের চেষ্টা

**গাংনী প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে জোরপূর্বক জমি দখলের চেষ্টার অভিযোগ উঠেছে। এ নিয়ে শিক্ষক সমিতির সদস্যবৃন্দরা গত বৃহস্পতিবার (১৩ জুলাই) উপজেলা শহীদ মিনারে সংবাদ সম্মেলন করেন। জমির মালিক হাবিবুর রহমানের ছেলে কুতুবুদ্দিন জানান, গাংনী পৌর এলাকার বাঁশবাড়িয়া-৪৭ মৌজার ২৭২৭ খতিয়ানের ৪৭৮ দাগের ১৫.৭৫ শতক জমি উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণের নেতৃবৃন্দরা নিজের দাবি করে মামলা ও সংবাদ সম্মেলন করেছে। তিনি বলেন, আমার বাবা পৈত্রিক সূত্রে ৫:২৫ শতক জমি পান।১৯৮২-৮৩ সালের দিকে আমার আমার দুই ফুফু রাহেলা খাতুন ও যায়তুন খাতুন এর কাছ থেকে ১০:৫০ জমির ক্রয় করেন। এই জমি আমরা নিয়মিত খাজনা-খারিজ দলিল মূলে দিয়ে আসছি। তিনি আরো বলেন,১৯৯৬ তাহলে আমরা জমিতে বিক্রি করার জন্য ইব্রাহিম মন্ডলের কাছে বায়না করেছিলাম। জমি আর ২-এর পাতায় দেখুন

## অস্ট্রেলিয়ার প্রথম নারী গভর্নর মিশেল বুলক

**আন্তর্জাতিক ডেস্ক :** অস্ট্রেলিয়ার কেন্দ্রীয় ব্যাংকের বরাতে বিবিসি জানিয়েছে, ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর এবারই প্রথম কোনো নারী রিজার্ভ ব্যাংক অব অস্ট্রেলিয়া (আরবিএ)'র নেতৃত্ব দেবেন।
মিশেল বুলক রিজার্ভ ব্যাংক অব অস্ট্রেলিয়ার (আরবিএ) বর্তমান গভর্নর ফিলিপ লোয়ের স্থলাভিষিক্ত হবেন। লোয়ের গত সাত বছর ধরে এ দায়িত্ব পালন করে আসছেন।
বুলক এমন এক সময়ে নিয়োগ পেয়েছেন যখন অস্ট্রেলিয়ায় বর্তমানে ক্রমবর্ধমান পণ্যমূল্য বৃদ্ধির কারণে বেশ চ্যালেঞ্জের মধ্যে দিয়ে যাচ্ছে আরবিএ।




## সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের মৃত্যুবার্ষিকী পালিত

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরে সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয়ে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গায় কবিতা আড্ডা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় গাঙচিল সাহিত্য সংস্কৃতি পরিষদ,আলাউদ্দিন আহমেদ পাঠাগার ও সাহিত্য পরিষদের আয়োজনে মতবিনিময়সভা ও-কবিতা আড্ডা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গা প্রেসক্লাবে উক্ত অনুষ্ঠানে আসন গ্রহন, কোরআন তেলোয়াত স্বাগত বক্তব্য দেন গাঙচিল সাহিত্য সাংস্কৃতিক পরিষদের সভাপতি জামিরুল ইসলাম, কবিতা আড্ডা ও সাহিত্যানুষ্ঠানে পবিত্র কোরআন তেলোয়াত করেন আলমডাঙ্গা উপজেলা মুক্তমনা কল্যাণ ফাউন্ডেশনের সেক্রেটারি ও গাঙচিল সাহিত্য সংস্কৃতি পরিষদের যুগ্ম সম্পাদক কবি ডাঃ মহসীনুজ্জামান চাঁদ। স্বাগত বক্তব্যে আলমডাঙ্গা উপজেলা গাঙচিল সাহিত্য সংস্কৃতি পরিষদের সভাপতি,শিক্ষক ও কবি এম. জামিরুল ইসলাম খান জামিল বলেন প্রতি শনিবার আমরা কবিতা আড্ডা ও সাহিত্য বিষয়ক আলোচনা সভা করা হবে। আলাউদ্দিন আহমেদ পাঠাগারের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরীর সভাপতিত্বে ও উপস্থাপনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন আলমডাঙ্গা প্রেসক্লাব সভাপতি ও ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরে গলায় ফাঁস দিয়ে আরিফুর রহমান টুকুল (৩২) নামে এক রংমিস্ত্রি গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। শনিবার দুপুরে নিজ ঘরের আড়ার সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে। আরিফুর রহমান টুকুল মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের বিলপাড়ার হাফেজ উদ্দিনের ছেলে। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, আরিফুল ইসলাম টুকুল তার বাড়িতে নিজ ঘরে আড়ার সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার খবর পেয়ে স্থানীয় সাহেবপুর ক্যাম্পের পুলিশ গিয়ে মরদেহ উদ্ধার করে। মরদেহ উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্য জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।




## মহেশপুরে তারুন্যের জয়যাত্রা সফল করতে যুবলীগের প্রস্তুতি সভা

**মহেশপুর প্রতিনিধি :** ১৭ জুলাই তারুন্যের জয়যাত্রা কর্মসূচী তারুন্যের জয়যাত্রা করার লক্ষ্যে শনিবার বিকালে ঝিনাইদহের মহেশপুর অডিটোরিয়ামে উপজেলা যুবলীগের উদ্যোগে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।
উপজেলা যুবলীগের আহবায়ক পৌর কাউন্সিলর কাজি আতিয়ার রহমানের সভাপতিত্বে ও যুগ্ন আহবায়ক ইয়াকুব আলীর সঞ্চালনায় অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক সংসদ সদস্য নবী নেওয়াজ।
প্রস্তুতি সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন কেন্দ্রীয় যুবলীগের সদস্য এ্যাডঃ হাসানুজ্জামান তুষার, মহেশপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, সাধারণ ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় যুবলীগের শান্তি সমাবেশ সফল করার লক্ষ্যে দামুড়হুদায় প্রস্তুতি সভা অনুষ্ঠিত

**দামুড়হুদা অফিস :** ১৮ জুলাই চুয়াডাঙ্গায় যুবলীগের শান্তি সমাবেশ সফল করার লক্ষ্যে দামুড়হুদায় প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বেলা ১২ টার দিকে স্থানীয় ডাক বাংলো চত্বরে দামুড়হুদা উপজেলা যুবলীগের আয়োজনে প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। দেশের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখতে ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে উন্নতি করার লক্ষ্যে আগামী ১৮ জুলাই বিকেলে চুয়াডাঙ্গা হাসান চত্বরে তারুণ্যের জয়যাত্রা উপলক্ষে দামুড়হুদায় যুবলীগের এ প্রস্তুতি সভা করা হয়। উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোটর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় যুবলীগের অন্যতম সদস্য কার্পাসডাঙ্গার কৃতিসন্তান অ্যাড, শাহরিয়ার কবির। প্রধান সমন্বয়কারী ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার। বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন ২-এর পাতায় দেখুন







## মহেশপুরে কবি-গল্পকার ও প্রয়োজক-পরিচালককে সংর্বধনা

**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুরে কবি ও গল্পকার দীপক সাহার 'নদাই'গল্প অবলম্বনে নির্মিতব্য চলচ্চিত্র সরকারী অনুদান প্রাপ্ত হওয়ায় কবি ও গল্পকার দীপক সাহা ও প্রয়োজক-পরিচালক পথিক শহীদুল ইসলামকে সংর্বধনা দেওয়া হয়েছে। শুক্রবার রাত্রে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে শেষ হয়েছে ৪দিন ব্যাপি ফ্রি মেডিকেল ক্যাম্প সেবা পেলো ১৫ হাজার অসহায় ও দুস্থ রোগী

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ৪দিন ব্যাপি মেডিকেল ক্যাম্পে ১৫ হাজার অসহায় ও দুস্থ রোগীদের ফ্রি চিকিৎসা দিলো ঝিনাইদহ পৌরসভা। ঝিনাইদহ পৌর মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল শনিবার বিকালে ঝিনাইদহ নিউএকাডেমী মাধ্যমিক বিদ্যালয়ে ৪দিন ব্যাপি মেডিকেল ক্যাম্পের সফল সমাপ্ত ঘোষনা করেন। এসময় আরো উপস্থিত ছিলেন শিশু হাসপাতালের কনসালটেন্ট ডাঃ ফরিদ হাসান (জামিল), ডাঃ বাবুল, ঝিনাইদহ পৌর সভার নির্বাহী কর্মকর্তা মোস্তাক আহমেদ, ঝিনাইদহ পৌর সভার ৮ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ সাদেক বিশ্বাস। রোগীদের চিকিৎসাপত্র দেওয়ার পর ফ্রি ঔষধ দেওয়া হয়। এছাড়াও মিনি প্যাথলজি ও ইসিজির ব্যবস্থা করা হয়। গত ১২ জুলাই থেকে ১৫ জুলাই পর্যন্ত প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২ টা ও দুপুর ২ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত পৌর এলাকার ৯ টি ওর্য়াডের ৯ টি স্থানে বিশেষজ্ঞ ডাক্তার ১৫ হাজার রোগী দেখেন ও ব্যবস্থাপত্র ও ফ্রি ঔষধ দেন ঝিনাইদহ পৌরসভা।




## মুজিবনগরে ইট বোঝাই ট্রলির চাকায় পিষ্ট হয়ে মৃত্যু সজ্জায় শিশু সামিউল

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালীতে ইট বোঝাই ট্রলির চাকায় পিষ্ট হয়ে মৃত্যু সজ্জায় ৬ বছর বয়সী শিশু সামিউল। বৃহস্পতিবার বেলা ১২টার দিকে মোনাখালী দক্ষিণ পাড়া এলাকার সেলিমের সেলুনের দোকানের সামনে এই ঘটনা ঘটে। সামিউল একই এলাকার মৃত আজিজুল হকের ছেলে। জানা গেছে, বৃহস্পতিবার বেলা ১২টার দিকে শিশু সামিউল তার মায়ের সাথে রাস্তার পাশ দিয়ে বাড়ি ফিরছিল। এসময় সামিউল রাস্তার এক পাশ থেকে অপর পাশে আসতে গেলে দ্রুতগতির ইট বোঝায় একটি ট্রলি সামনে পড়ে ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরের কাঠালপোতায় মরিচ ক্ষেত তছরুপ

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর সদর উপজেলার কাঠালপোতা গ্রামের এক কৃষকের দশ কাঠা জমির মরিচ গাছ কেটে তছরুপ করা হয়েছে। শনিবার ভোরে রুবেল নামের এক ব্যক্তি মরিচ গাছ কেটে পালিয়ে যায় বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী পরিবারের সদস্যরা। জানা গেছে, গ্রামের বেনাগাড়ীর দোপ মাঠে মরিচ আবাদ করেন সিংহাটি ২-এর পাতায় দেখুন

## "নিজের বলার মত একটা গল্প" ফাউন্ডেশনের প্রশিক্ষণের দুই হাজার তম দিন উদযাপন উপলক্ষে উদ্যোক্তা সম্মেলন অনুষ্ঠিত

**মেহেরপুর প্রতিনিধি :** 'নিজের বলার মত একটা গল্প' ফাউন্ডেশনের বিরতিহীনভাবে উদ্যোক্তা তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণের দুই হাজার তম দিন উদযাপন উপলক্ষে উদ্যোক্তা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল সাড়ে ১২টার দিকে সংগঠনের কার্যনির্বাহী সদস্য সাজেদুর রহমান সাজুর শুভেচ্ছা বক্তব্যর মধ্য দিয়ে মেহেরপুর জেলা পরিষদের মিলানায়তনে অনুষ্ঠানের শুরু হয়। এ সময় মেহেরপুর জেলার বিভিন্ন তরুণ উদ্যোক্তারা অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নীলা হাফিয়া, যুব উন্নয়নের উপপরিচালক ফিরোজ আহমেদ, জেলা চেম্বার অব কমার্সের সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল প্রমুখ। এছাড়া সংগঠনের জেলা ও উপজেলা পর্যায়ের সদস্যরা অনুষ্ঠানে অংশ নেয়।






## ইবির চিকিৎসা কেন্দ্র ভাঙচুর ঘটনায় তিন শিক্ষার্থী সাময়িক বহিষ্কার

**মোতালেব বিশ্বাস, ইবি :** মধ্যরাতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) চিকিৎসা কেন্দ্রে ভাঙচুরের ঘটনায় তিন শিক্ষার্থীকে সাময়িকভাবে করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শনিবার বেলা ১১টায় ভিসির সভাকক্ষে ছাত্র শৃঙ্খলা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। প্রক্টর অধ্যাপক ড. শাহাদৎ হোসেন আজাদ তথ্যটি নিশ্চিত করেছেন। বহিস্কৃতরা হলেন- আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী রেজওয়ান সিদ্দিকী কাব্য ও একই ২-এর পাতায় দেখুন



## মেহেরপুর বন্ধুসভার উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর বন্ধুসভার উদ্যোগে বৃক্ষরোপন ও বিতরণ কর্মসূচী পালিত হয়েছে। শনিবার সকাল ১০টায় মেহেরপুর সরকারি কলেজ প্রাঙ্গনে এ কর্মসূচী পালিত হয়। এসময় উপস্থিত ছিলেন প্রথম আলোর মেহেরপুর প্রতিনিধি আবু সাঈদ, বন্ধুসভার সভাপতি সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধূমকেতু, সাধারন সম্পাদক তানিয়া হক, সরকারি কলেজের সহকারি অধ্যাপক ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮

## সম্পাদকীয়

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# এ বাসগুলো সামাল দেবে কে?

রাজধানীর রামপুরা ব্রিজের পাশে মহানগর প্রজেক্ট চেকপোস্টের সামনে ফুটপাত দিয়ে হেঁটে যাওয়ার সময় ভিক্টর ক্লাসিক নামের বাসের ধাক্কায় জাহিদ হাসান (২৪) নামে এক কলেজ শিক্ষার্থী নিহত হয়েছেন। বাসটি ওই শিক্ষার্থীকে ধাক্কা দিয়ে পালানোর জন্য তড়িঘড়ি করে হাতিরঝিল সড়কে ঢুকে পড়ে এবং সেখানে এক শিশুকে চাপা দেয়। এতে ওই শিশুটিরও মৃত্যু হয়েছে। গত বৃহস্পতিবার বিকালে রামপুরা ব্রিজ ও হাতিরঝিল সড়কে এ ঘটনা ঘটে। কে থামাবে এদের দৌরাত্ম্য? এমন মৃত্যুর অবসান কি হবে না? প্রায়ই রাজধানীতে বেপরোয়া চালকদের হাতে প্রাণ হারাচ্ছে সাধারণ মানুষ। বলা যায়, গণপরিবহন এখন সাক্ষাৎ যমদূত হিসেবে আবির্ভূত। এসব মৃত্যুকে দুর্ঘটনা বলে চালিয়ে দেয়া হলেও অধিকাংশই বেপরোয়া পরিবহন চালকদের দায়হীন হত্যাকাণ্ড। পরিবহন শ্রমিকদের শক্তিশালী ট্রেড ইউনিয়ন ও মালিকদের তৎপরতার কারণে সড়কে নিহতদের পরিবার বিচার পায় না। চালকরাও দৃষ্টান্তমূলক কোনো শাস্তি ছাড়াই বেরিয়ে আসে। আবারো তারা গাড়ি রেসের পাল্লায় মেতে ওঠে। সম্প্রতি এ ধরনের ঘটনা বাড়লেও চালকদের সতর্ক করার লক্ষণ দেখা যাচ্ছে না। দিন দিন যেন আরো বেপরোয়া হয়ে উঠেছে। ঢাকাসহ পিটিয়ে রাজধানীর ব্যস্ত সড়কগুলোতে নানারকম বিশৃঙ্খলা, নিয়মহীনভাবে বেপরোয়া গাড়ি চালনা, যত্রতত্র যাত্রী ওঠানামা করানো এবং পথচারীদের যত্রতত্র রাস্তা পারাপারের ক্ষেত্রে সচেতনতা বাড়াতে ট্রাফিক সপ্তাহ পালন করতেও দেখা যায়। ট্রাফিক আইন অমান্যকারীদের বিরুদ্ধে মামলা, জরিমানা আদায়সহ পুলিশ মাঝেমধ্যে বাড়তি পর্যবেক্ষণ করলেও সড়কে পুরোপুরি থামেনি বেপরোয়া গতির যান চলাচল। যার কারণে প্রায়ই দুর্ঘটনার শিকার হতে হচ্ছে পথচারীকে। গত বছর পুরো রাষ্ট্রযন্ত্র এবং সমাজব্যবস্থাকে ঝাঁকুনি দেয়া নিরাপদ সড়ক আন্দোলনের পরও আমাদের সড়ক ও গণপরিবহন ব্যবস্থায় তেমন কোনো ইতিবাচক পরিবর্তন আসেনি। বিশেষ করে রাজধানীতে বাসে চলাচল বিপজ্জনক। এমন ঘটনা বৃদ্ধির অন্যতম কারণ পরিবহন খাতে বিরাজমান বিশৃঙ্খলা। বেতনভুক্ত চালক দিয়ে লোকাল বাস চালালে মালিক ক্ষতির সম্মুখীন হয়। এ অবস্থা থেকে বের হতে হলে নগরীর অধিকাংশ পরিবহন মালিক তাদের বাস-মিনিবাস চালককে চুক্তিতে চালাতে দিচ্ছে। চুক্তির কারণেই চালকরা বেপরোয়া। কারণ একই রুটের যে বাস আগে শেষ গন্তব্যে পৌঁছাবে সেই ফিরতি ট্রিপের সিরিয়াল পাবে আগে। এ কারণে একই রুটের বাসের মধ্যেই ভয়াবহ মরণ রেস দেখা যায়। এসব চালকের অনেকেরই নেই ড্রাইভিং লাইসেন্স। অনেক সময় চালকের পরিবর্তে বাস চালায় হেলপার। এরা কেউ আইনের তোয়াক্কা করে না। দেশে সড়ক পরিবহন আইন আছে, রয়েছে শাস্তির বিধান। কিন্তু এই আইনের প্রয়োগ দেখা যায় না। পরিবহন মালিক ও শ্রমিক নেতাদের দাপটে দোষী চালকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া প্রায় অসম্ভব। সড়কে নৈরাজ্যের কারণ ও এর প্রতিকার সম্পর্কে বিভিন্ন মহল থেকে নানা ধরনের পরামর্শ ও সুপারিশ করা হলেও তা যে অরণ্যরোদনে পর্যবসিত হচ্ছে। এ জন্য দরকার ইতিবাচক চিন্তা ও সমন্বিত পদক্ষেপ।

## ঝিনাইদহে বিশ্ব যুব দক্ষতা

শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম, টিটিসির অধ্যক্ষ রুস্তম আলী, সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের প্রাক্তণ অধ্যক্ষ প্রকৌশলী খলিলুর রহমান, ঝিনাইদহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের চিফ ইন্সট্রাক্টর আসাদুজ্জামান, ইন্সট্রাক্টর শীতল চন্দ্র, সিনিয়র শিক্ষক আবুল হাসনাত, জব প্লেসমেন্ট অফিসার আব্দুল্লাহ আল মামুন, জাপানি ভাষা শিক্ষক আবু বক্কর সিদ্দিকসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। সেসময় বক্তারা, উন্নত দেশ গঠনে যুবদের কারিগরি প্রশিক্ষণ গ্রহণ করার আহ্বান জানান।

## চুয়াডাঙ্গার বিভিন্ন স্থানে এম এ রাজ্জাক

হাসিনার সরকারকে ভোট দিলে বাংলাদেশের মানচিত্রে নতুন রূপে ধারাবাহিত হবে। আপনারা জানেন এই আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পরপরই বাংলাদেশে এক পর্যটন কেন্দ্রে তৈরি হয়েছে। পদ্মা সেতু তৈরি হয়েছে, মেট্রো রেল তৈরি হয়েছে, কর্ণফুলী টানেল তৈরি হয়েছে। এই বাংলাদেশকে সবদিক উন্নয়নে দেখতে হলে সকলকে কাঁধে কাঁধ মিলিয়ে আবারো নৌকাকে জিতিয়ে আনতে হবে তাহলে এই দেশ ভালো থাকবে, এই সমাজ ভালো থাকবে। এছাড়াও সকলের সহযোগিতায় হবে চুয়াডাঙ্গা জেলা বাংলাদেশের রোল মডেল।

## গাংনীতে শিশু বলাৎকারের দুই

অভিযান অব্যাহত রয়েছে। উল্লেখ্য: গত ৫ জুলাই গাংনী উপজেলা শহরের মাইপাড়ার মুরগী ব্যবসায়ী মুরছালিন একই পাড়ার এক শিশুকে পাখি শিকারের নামে ডেকে নিয়ে একটি কলা ক্ষেতের মধ্যে ধর্ষণ করে। এই ধর্ষণের ভিডিও ও ছবি বিভিন্ন লোকের মোবাইল ফোনে ছড়িয়ে পড়ে। পরে শুক্রবার (১৪ জুলাই) দুপুরের দিকে ওই ধর্ষিতা শিশুটির মা বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। মামলার পরপরই অভিযান শুরু করে গাংনী থানা পুলিশ।

## মেহেরপুরে ডিডিএলজি হিসাবে

কাছে যোগদান করেন। শামীম হোসেন এর আগে শরীয়তপুর জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে কর্মরত ছিলেন। শামীম হোসেন জেলা প্রশাসকের কার্যালয়ে পৌছালে জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম শামীম হোসেনকে ফুল দিয়ে স্বাগত জানান। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস সেখানে উপস্থিত ছিলেন।

## ছাত্রলীগ নেত্রীসহ ৫ জনকে বহিষ্কারের

সিদ্ধান্তে সন্তুষ্ট নন নির্যাতনের শিকার ছাত্রী ফুলপরী খাতুন।

ভুক্তভোগী ছাত্রী ফুলপরী খাতুন যুগান্তরকে বলেন, তারা আমার ওপর যে পরিমাণ শারীরিক ও মানসিক নির্যাতন করেছে, তাতে তাদের এক বছরের শাস্তি কোনোভাবেই হতে পারে না। এতে আমি সন্তুষ্ট না বরং আরও আতঙ্কিত।

কারণ হিসেবে তিনি বলেন, তারা এক বছর পর বিশ্ববিদ্যালয়ে ফিরে এসে আমার ওপর প্রতিশোধ নেবে না তার কোনো নিশ্চয়তা নেই। আর আমি মনে করি, আমি সঠিক বিচার পাইনি। আমি চাই তারা বিশ্ববিদ্যালয় থেকে আজীবনের জন্য বহিষ্কার হোক।

সভাশেষে প্রক্টর অধ্যাপক ড. শাহাদৎ হোসেন আজাদ বলেন, বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্টস কোড অব কন্ডাক্ট-১৯৮৭ এর পার্ট-২ এর ধারা-৮ মোতাবেক সর্বোচ্চ শাস্তি এক বছরের জন্য ছাত্রত্ব বাতিল করা হয়েছে। এটাই বিশ্ববিদ্যালয় আইনের সর্বোচ্চ শাস্তি।

প্রসঙ্গত, গত ১১ ও ১২ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের হলে রাতভর নির্যাতন ও বিবস্ত্র করে ভিডিও ধারণের অভিযোগ ওঠে শাখা ছাত্রলীগ নেত্রী ও পরিসংখ্যান বিভাগের সানজিদা চৌধুরী অন্তরা, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের তাবাসসুম ইসলাম, মোয়াবিয়া জাহান, আইন বিভাগের ইসরাত জাহান মীম ও চারুকলা বিভাগের হালিমা খাতুন ঊর্মীর বিরুদ্ধে।

এ নিয়ে হলো বিশ্ববিদ্যালয় ও জেলা প্রশাসন এবং শাখা ছাত্রলীগ পৃথক চারটি তদন্ত কমিটি গঠিত হয়। তদন্ত শেষে প্রতিবেদনের আলোকে হাইকোর্টের নির্দেশে বিশ্ববিদ্যালয় থেকে পাঁচ অভিযুক্তকে সাময়িক বহিষ্কার করা হয়। এ ছাড়া হলো প্রশাসন ও ছাত্রলীগ তাদের তদন্তের ভিত্তিতে অভিযুক্তদের বহিষ্কার করে।

## অন্তরাসহ ৫ ছাত্রী এক

পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার সহসভাপতি সানজিদা চৌধুরী অন্তরা, ২০২০-২১ শিক্ষাবর্ষের চারুকলা বিভাগের শিক্ষার্থী ও ছাত্রলীগ কর্মী হালিমা আক্তার ঊর্মী, ২০২০-২১ শিক্ষাবর্ষের আইন বিভাগের শিক্ষার্থী ইসরাত জাহান মীম, ২০২০-২১ শিক্ষাবর্ষের ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের শিক্ষার্থী তাবাসসুম ইসলাম এবং মোয়াবিয়া জাহান।

প্রসঙ্গত, গত ১২ ফেব্রুয়ারি রাতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের দেশরত্ন শেখ হাসিনা হলের গণরুমে ডেকে রাত ১১টা থেকে রাত ৩টা পর্যন্ত ইবি শাখা ছাত্রলীগের সহ-সভাপতি সানজিদা চৌধুরী অন্তরার নেতৃত্বে আরও কয়েকজন সহযোগীদের দ্বারা নবীন ওই ছাত্রীকে বিবস্ত্র করে মারধর ও শারীরিকভাবে নির্যাতন এবং নির্যাতনের ঘটনা ভিডিও ধারণ করে নেটে ছেড়ে দেয়ার অভিযোগ ওঠে। পরদিন সকালে ভয়ে ক্যাম্পাস থেকে পালিয়ে বাড়ি চলে যান ওই ছাত্রী।

পরে ১৪ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয় প্রশাসন বরাবর ঘটনার বিবরণ দিয়ে লিখিত অভিযোগ দেন ওই ছাত্রী। এরপর ঘটনা তদন্তে বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং হল কর্তৃপক্ষ দুটি কমিটি গঠন করে। এর বাইরে ইবি কোর্টের নির্দেশে এককটি বিচার বিভাগীয় এবং ছাত্রলীগ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা আরও দুটি কমিটি করা হয়। কমিটি ১৮ ফেব্রুয়ারি কার্যক্রম শুরু করে। ভুক্তভোগী, অভিযুক্ত ও সংশ্লিষ্ট ব্যক্তিদের সাক্ষাৎকার শেষে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করা হয়। এরপর ২৬ ফেব্রুয়ারি তদন্ত প্রতিবেদন জমা দেয়া হয়।

## সৌদি আরবে অগ্নিকাণ্ডে ৯

দুর্ঘটনা ঘটে বলে রিয়াদে বাংলাদেশ দূতাবাসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

নিহতরা হলেন ১) মো. রুবেল হোসাইন (পাসপোর্ট নম্বর: বিসি ০২৩৭০৫৫) পিতা- জফির উদ্দিন, ঠিকানা- বারইপাড়া, বাগমারা, রাজশাহী; ২) মোহাম্মদ উবায়দুল (ইকামা নম্বর: ২৩৮৪১৯৭৮৯৯), পিতা- মো. দবির উদ্দিন, ঠিকানা- খাজুরা চান্দপুর, জনার্ধন বাটী, নলডাংগা, নাটোর; ৩) রমজান (ইকামা নম্বর: ২৪৭২৪৭০৫৮৮), পিতা- আইজাক প্রামানীক, ঠিকানা- ঝনঝনিয়া, শাহগুলা, আত্রাই, নওগা; ৪) মোহাম্মদ সাজেদুল ইসলাম (পাসপোর্ট নম্বর: এইও৩২৬৮৪১), পিতা- জমির, ঠিকানা- বারইপাড়া, বাগমারা, রাজশাহী; ৫) আরিফ (ইকামা নম্বর: ২৫৩৫১৭৬৩৩৯), পিতা- মো. শাহাদাত হোসাইন, ঠিকানা- বারইপাড়া, বাগমারা, রাজশাহী; ৬) বারেক সরদার (ইকামা নম্বর: ২২৪৭৪৩৯৮৫০), পিতা- রহমান সরদার, ঠিকানা- উদয়পুর, ভাংগা জাঙ্গাল, আত্রাই, নওগাঁ; ৭) মো. জুবায়েত ঢালী (পাসপোর্ট নম্বর: বিডব্লিউ ০৬৭৩৪০৭), পিতা- ইউনুস ঢালী, ঠিকানা- সস্তান, ফাসিয়াটুলা, কালকিনি, মাদারীপুর; ৮) সাইফুল ইসলাম (ইকামা নম্বর: ২৫২৯৯২২৩২৬), পিতা- মৃত আলাউদ্দীন, ঠিকানা- হেমায়েতপুর-বলিয়ারপুর, নগরকুন্দা, সাভার, ঢাকা; ৯) মো. ফিরুজ আলী সরদার (পাসপোর্ট নম্বর: ইই ০৫৮১২৭৪), পিতা- মো. আনিসুর রহমান সরদার, ঠিকানা- বড় মাধাইমুরি, কাতিলা, বাগমারা, রাজশাহী।

## ঝিনাইদহের কনিকা স্টুডিওতে

একজন ভুক্তভোগী জানান, কনিকা স্টুডিও থেকে ছবি তুলে ল্যাবে প্রিন্ট দিতে নেয় ১'শত টাকা। পরবর্তীতে সেই তোলা ছবি শুধু প্রিন্ট দিতে নেয় প্রতিকপি প্রায় ১৩ টাকা নিচ্ছে। বাচ্চাদের থ্রি-আর সাইজের ছবি ৩'শত টাকা, পাসপোর্ট ও ভিসা করার জন্য ২ কপি ছবি তুলতে নেয় ১'শত টাকা। এমন অস্বাভাবিক মূল্যে দিশেহারা ছবি তুলতে আসা গ্রাহকরা।

তিনি আরো বলেন, মূল্যদ্রব্য নিয়ন্ত্রনে সরকার সজাগ থাকলেও তা তোয়াক্কা না করে অতিরিক্ত মূল্য আদায় করছে প্রতিষ্টানের মালিক স্বপন আহমেদ। কিন্তু মূল শহরের মধ্যে প্রশাসনের নাকের ডোগায় থেকে তারা কিভাবে এটি করছে তা নিয়ে দেখা দিয়েছে জনমনে বিভিন্ন প্রশ্ন।

আরেক ভুক্তভোগী অভিযোগ করে বলেন, একটি মাত্র ল্যাব হওয়ায় সাধারণ মানুষকে জিম্মি করে এ ধরনের ব্যবসা করে যাচ্ছে দীর্ঘদিন ধরে। সেই সাথে স্টুডিও'র কর্মচারী রাজেস গ্রাহকদের সাথে বাজে ব্যবহার করে। ছবি তুলতে এলে তাদের সাথে অসদাচারণ করেন। ছবির জরুরী প্রয়োজন হলেও অতিরিক্ত টাকা আদায়ের জন্য রাজেস গ্রাহকদের নানাভাবে হয়রানি করান।

কনিকা স্টুডিও মালিক স্বপন আহমেদ মোবাইল ফোনে জানান, সব কিছুর দাম বেড়েছে তাই আমরাও দাম বেশি নিচ্ছি। এখানে সরকারের কোন দাম নির্ধান নেই। আমরা আমাদের নিয়মে মূল্য তালিকা তৈরি করেছি। সেই অনুযায়ী গ্রাহদের কাছ থেকে টাকা নিচ্ছি।

ভোক্তা অধিকারের সহকারী পরিচালক নিশাত জাহান জানান, কনিকা স্টুডিও অতিরিক্ত টাকা নিচ্ছে এ বিষয়টি শুনেছি । দোষী প্রমানিত হলে খুব দ্রুতই প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

## মাগুরায় উচ্চ ফলনশীল জাতের

ফলন ও বেশি দামে বিক্রি করতে পেরে খুশি ওই গ্রামের কৃষকরা। শুরুতে স্থানীয় কৃষি অফিসের মাধ্যমে ওলকচুর বীজ সংগ্রহ করলেও এখন তারা নিজেরাই বীজ উৎপাদন করে এটির চাষ করে থাকেন।

এ গ্রামের কৃষক ভক্তকুমার বিশ্বাস জানান, গত বছরও আমি ওলকচুর ভালো ফলন পেয়েছিলাম। এ বছর ৮ বিঘা জমিতে উচ্চ ফলনশীল মাদ্রাজী জাতের ওলকচু চাষ করেছি। এর মধ্যে নিজের ৩ বিঘা এবং বাকি ৫ বিঘা লিজ নিয়েছি। এ বছর ফলন ভালো হয়েছে। একটি ওলকচু ২ থেকে ১০ কেজি ওজনের হয়ে থাকে। শুরুতে মাগুরা সদর উপজেলা কৃষি অফিস থেকে ৪০০পিস বীজ, সার ও কীটনাশক পেয়ে প্লটের মাধ্যমে এটির চাষ শুরু করেছিলেন। এখন বীজ নিজেই তৈরি করে চাষ করছেন। বাজারে এটির বেশ ভালো চাহিদা রয়েছে। ক্ষেত থেকে তোলার পর স্থানীয় আড়তে পাইকারি দরে বিক্রি করে থাকি। চাষকৃত জমি থেকে তিনি ৬৪০ মণ ফলন পাব বলে আশা করছেন। যা থেকে প্রায় ১০ লাখ টাকার ওল বিক্রি করতে পারবেন। এ চাষে সব মিলিয়ে তার খরচ হয়েছে প্রায় ৬ লাখ টাকার উপরে। স্থানীয় কৃষি অফিসের সহযোগিতা ও পরমর্শ এবং আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে তারমত অনেক কৃষকই এ চাষে আগ্রহী হচ্ছেন। ভক্তকুমার বিশ্বাস আরো জানান, এ গ্রামের কৃষি বিশ্বাস ২ বিঘা, গৌতম ১ বিঘা, বিভাষ ২ বিঘা, উত্তম ২ বিঘা, ওহেদ শেখ ৫০ শতক, হারুন শেখ ৪০ শতক এবং সিদ্দিক মোল্যা দেড় বিঘা জমিসহ অন্তত ৩০টি পরিবার এ চাষের সাথে যুক্ত রয়েছেন।

## ঝিনাইদহে নলডাঙ্গা ইব্রাহিম

সদর পুলিশ ফাঁড়ির পরিদর্শক কামরুজ্জামান, নলডাঙ্গা ইউনিয়ন আ'লীগের সভাপতি রেজাউল করিম রেজা, সেক্রেটারী দেলোয়ার হোসেন ঝন্টু, ইউনিয়ন যুবলীগের সেক্রেটারী কামরুজ্জামান পিপুল, ইউনিয়ন কৃষকলীগের সভাপতি জাহিদ বিশ্বাস প্রমূখ।

এ সময় বক্তরা বলেন, একটি জাতিকে উন্নত হতে হলে শিক্ষার মান উন্নয়নের বিকল্প কিছু নাই। সন্তানদের শিক্ষার মান উন্নয়ন করতে হলে নিজেদেরকে এগিয়ে আসতে হবে। শিক্ষকরা শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষা দিবে বাকী কাজ করতে হবে অবিভাবকদের। সন্তানকে সুশিক্ষায় শিক্ষিত করতে হলে পারিবারিক ও প্রাতিষ্ঠানিক শিক্ষার সমন্নয়ে তা করতে হবে। অনুষ্ঠান শেষে প্রতিষ্ঠানে অধ্যয়ণরত মেধাবী ও হতদরিদ্র ১৫ জন শিক্ষার্থীর মাঝে নগদ ৭৫ হাজার টাকা প্রদান করা হয়।

## যশোর-২ আসনে মাঠে-ময়দানে

ডা. অধ্যাপক মো. নাসির উদ্দীন, সাবেক বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী আলহাজ্ব অধ্যাপক রফিকুল ইসলাম, সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড. মনিরুল ইসলাম মনির, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এ্যাড. মোহাম্মদ আলী রায়হান, এ্যাড. এবিএম আহসানুল হক আহসান, সদস্য মোস্তফা আশীষ ইসলাম দেবু, যুবলীগের কেন্দ্রীয় কমিটির প্রেসিডিয়াম সদস্য মো. আনোয়ার হোসেন, ঝিকরগাছা উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান মো. মনিরুল ইসলাম, ঝিকরগাছা উপজেলার বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য পরিষদের সভাপতি ও গঙ্গানন্দপুর ডিগ্রী কলেজের সভাপতি গিলবার্ট নির্মল বিশ্বাস ও চৌগাছা উপজেলা আওয়ামী লীগের সভাপতি এস.এম হাবিবুর রহমান।

নির্বাচনী এলাকাতে নৌকা যার আমরা তার এই স্লোগানে প্রথমে নির্বাচনী কাজ শুরু করে বর্তমান সরকারের উন্নয়নের পোস্টার বিতরণ করেছেন গিলবার্ট নির্মল বিশ্বাস। তারপরেই অন্যান্য প্রার্থীরা একই শ্লোগানের সাথে তাল মিলিয়ে তাদের প্রচারণা চালিয়ে আগেভাগে মাঠ গরম করার জন্য নেতারা কর্মী সমর্থকদের নিয়ে শোডাউন দিচ্ছেন। তবে আওয়ামী লীগের নির্বাচনী কেন্দ্রীয় মনোনয়ন বোর্ডই সিদ্ধান্ত নিবে আগামী জাতীয় সংসদ নির্বাচনে কে হবে নৌকার মাঝি।

জাতীয়তাবাদী দল (বিএনপি) প্রার্থী হিসাবে যাদের নাম সামনে আসছে বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য ও সাবেক উপজেলা চেয়ারম্যান সাবিরা সুলতানা মুন্নী @ সাবিরা নাজমুল, জেলা বিএনপির আহব্বায়ক কমিটির সদস্য ও যশোর কমাস্ত্রের সাবেক সভাপতি মো. মিজানুর রহমান খান, জেলা আইনজীবী সমিতির সভাপতি এ্যাড. মো. ইসাহক, চৌগাছা উপজেলা বিএনপির আহবায়ক মো. জহুরুল ইসলাম, বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় ইউনিট সদস্য মাও. আরশাদুল আলম, যশোর জেলা জাতীয় পাটির সদস্য সচিব হাকিম মুফতি ফিরোজ শাহ, নেতা অধ্যাপক রেজাউল ইসলাম। তবে বর্তমানে জাতীয়তাবাদী দল (বিএনপি) এর থেকে বাংলাদেশ জামায়াতে ইসলামী ও জাতীয় পার্টির প্রার্থীদের প্রচারণা বেশী দেখা যাচ্ছে।

বর্তমানে সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অব.) ডা. অধ্যাপক মো. নাসির উদ্দীন বলেন, আওয়ামীলীগ সরকার হলো উন্নয়নের সরকার। সরকারের অধিনে বিগত সাড়ে ৪ বছর যাবৎ দিনরাত পরিশ্রম করে চৌগাছা-ঝিকরগাছার ব্যাপক উন্নয়ন করেছি এবং সেই উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রেখেছি। বঙ্গবন্ধুর যোগ্য কন্যা জননেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে তার সার্বিক সহযোগিতায় পাঁকা রাস্তা নির্মাণ, প্রাথমিক বিদ্যালয়, হাই স্কুল, কলেজ ও মাদ্রাসার ভবণ নির্মাণ, ঝিকরগাছা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, ভূমিহীনদের সরকারি ঘর নির্মাণ, জমিসহ ঘর নির্মাণ করে দেয়া হয়েছে। চৌগাছা উপজেলায় ১০০ শয্যা হাসপাতাল করা হয়েছে এবং আগামীতে জননেত্রীর সহযোগিতায় নৌকা প্রতীকে নির্বাচিত হলে ঝিকরগাছা হাসপাতালকেও ১০০ শয্যায় উন্নীত করার পরিকল্পনা রয়েছে। আমি ক্ষমতায় আসার পর থেকে চৌগাছা-ঝিকরগাছা এই দুই উপজেলায় সন্ত্রাস, মাদক, চাঁদাবাজি বন্ধ করতে সক্ষম হয়েছি। যার করণে বর্তমানে মানুষ রাতে শান্তিতে ঘুমাতে পাচ্ছে। এছাড়া সরকার কর্তৃক বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা, মাতৃকালীন ভাতা এবং দুস্থ মানুষের চিকিৎসায় প্রধানমন্ত্রীর ত্রাণমন্ত্রনালয় থেকে অর্থের ব্যবস্থা করে দিয়েছি। আগামী জাতীয় সংসদ নির্বাচনে বঙ্গবন্ধুর যোগ্য কন্যা জননেত্রী ও মানোনীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট আমি আবারও মনোনয়ন প্রত্যাশা করছি।

সাবেক বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী আলহাজ্ব অধ্যাপক রফিকুল ইসলাম বলেন, দলীয় প্রয়োজনেই সিদ্ধান্ত নেবেন নেত্রী। নির্বাচনী মাঠ প্রস্তুতে কাজ করছি। জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বেই স্মার্ট বাংলাদেশ গড়তে চাই। সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড. মনিরুল ইসলাম মনির বলেন, আমি উপজেলার সাবেক চেয়ারম্যান ও সাবেক জাতীয় সাংসদ হিসেবে ১০ বছর এলাকার মানুষের জন্য কি করেনি। যাদের বয়স ১৮-৩১ তারাও বলতে পারবে আমার সময়ের উন্নয়নের কথা। আমি বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকারের কল্যাণে ব্যাপক উন্নয়ন করেছি। চৌগাছা-ঝিকরগাছা উপজেলায় দুটি কলেজ ও দুটি হাইস্কুল সরকারি করণ, শতভাগ বিদ্যুৎ, সিংহভাগ গ্রামীণ সড়ক পাঁকা, দুই উপজেলায় মুক্তিযোদ্ধ কমপ্লেক্স, মডেল মসজিদ, মিনি স্টেডিয়াম প্রকল্প আমার সময় অনুমোদন করেছিলাম, সে কাজ এখনো চলমান অবস্থায় রয়েছে। প্রাইমারি, হাইস্কুল ও কলেজের শতভাগ স্মার্ট ভবন, প্রধানমন্ত্রী চিকিৎসা তহবিল থেকে অনুদান, ব্রিজ, কালভাট, অভূতপূর্ব উন্নয়ন কাজের সাথে আমি সম্পৃক্ত ছিলাম। বিগত সাড়ে চার বছর বিরামহীন ভাবে গণসংযোগ, নবীন প্রবীনদের মতামত নির্বিশেষে, ভোটারদের মধ্যে গ্রহণযোগ্যতা অর্জন করেছি, সেই বিবেচনায় আমি আবারও আগামীতে নৌকা প্রতীক পাওয়ার আশাবাদ ব্যক্ত করছি। আমি মনোনয়ন পেলে অবশ্যই জয়লাভ করবো। ইনশাল্লাহ।

জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এ্যাড. মোহাম্মদ আলী রায়হান বলেন, আমি বঙ্গবন্ধুর আদশ্রের রাজনীতি করি। আমার নেত্রী শেখ হাসিনা। আমার মার্কা নৌকা। আমি কোনো ভাইয়ের রাজনীতি করি না। আমাদের প্রধানমন্ত্রী যদি আমাকে নৌকা মার্কা দেয়, তাহলে আমি নৌকা প্রতিকে নির্বাচন করবো। জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এ্যাড. এ.বি.এম আহসানুল হক আহসান বলেন, আওয়ামীলীগ সরকার আবারও ক্ষমতায় আসুক। আমি আওয়ামীলীগের সরকারের উন্নয়নের বিষয়ে জনসাধারণের সামনে উপস্থান করেছি। মনোনয়নের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী যেটা ঠিক করবে সেটাই আমি মেনে নেবো। জেলা আওয়ামী লীগের সদস্য মোস্তফা আশীষ ইসলাম দেবু বলেন, ২০০০ সালে যশোরে বন্যায় মানুষের পাশে/ সাথে ছিলাম। ডিজিটাল যশোর বিনির্মানে মেধার স্বাক্ষর রেখেছি। স্মার্ট নির্বাচনী এলাকা গঠনে কাজ করে চলেছি। দলীয় মনোনয়ন পেলে জ্ঞান ভিত্তিক প্রযুক্তি নিভ্ভর মানবিক স্মার্ট সিটিজেন ও স্মার্ট সোসাইটি গড়তে সকলকে সাথে নিয়ে নজনেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের মধ্যে চৌগাছা-ঝিকরগাছাকে রোল মডেল তৈরী করতে চাই। বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য, ঝিকরগাছা উপজেলার সাবেক উপজেলা চেয়ারম্যান সাবিরা সুলতানা মুন্নী @ সাবিরা নাজমুল বলেন, আমি রাজপথে আছি এবং থাকবো। আওয়ামীলগ সরকারের অধীনে কোন নির্বাচনে বিএনপি যাবে না। আমরা তত্তাবধায়ক সরকার গঠন করেই নির্বাচনে আসবো। তখন দলীয় ভাবে যদি আমাকে মনোয়ন দেন তাহলে দলীয় প্রতিক নিয়েই নির্বাচনে অংশগ্রহণ করে চৌগাছা-ঝিকরগাছাবাসীকে সেবা করবো। নাজমুল আমার স্বামী। তিনি যেমন জনসেবা করে গেছে, আমিও তেমননি জনসেবাই নিয়জিত আছি এবং থাকবো। বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় ইউনিট সদস্য মাও. আরশাদুল আলম বলেন, আমরা আমাদের মতো করে নির্বাচনের কাজ চালিয়ে যাচ্ছি। অসন্ন জাতীয় সংসদ নির্বাচনে দল থেকে আমাকে মনোয়ন দিবেন। আমি নির্বাচনে জয় লাভ করলে এলাকার সাধারণ মানুষের কল্যাণে কাজ করতে পারবো। ইনশাল্লাহ। যশোর জেলা জাতীয় পাটির সদস্য সচিব হাকিম মুফতি ফিরোজ শাহ বলেন, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আমি প্রার্থী ছিলাম এবারও প্রার্থী হওয়ার আশা রয়েছে। আমি সর্বদা সুষ্ঠ নির্বাচনের আশাবাদি। জাতীয় পার্টির নেতা অধ্যাপক রেজাউল হোসেন বলেন, আমি এলাকায় বিভিন্ন সমাজিক মূলক কাজ পরিচালনা করে থাকি। আমি দলীয় ভাবে মনোনয়ন প্রত্যাশী।

## গাংনীতে জোরপূর্বক জমি দখলের

বিক্রি করি নাই। বায়না নামা ধরে ইব্রাহিম ভুয়া দলিল তৈরি করে শিক্ষক ও কর্মচারী কল্যাণ সদস্যদের কাছে ১৯৯৭ সালে জমিটি বিক্রি করেন। সেই দলিলের সূত্র ধরেই শিক্ষক ও কর্মচারীর কল্যাণ সদস্যরা জমিটা নিজেদের বলে দাবি করছেন। এ নিয়ে তারা মেহেরপুর জেলা আদালতে ১৪৫ ধারা জারিপূর্বক মামলা দায়ের করেন। আমরাও জমির দলিল কারেকশনের জন্য আদালতে মামলার প্রস্তুতি নিয়েছি। গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক এবং হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান বলেন, গাংনী পৌরসভার ১নং ওয়ার্ড বাঁশবাড়ীয়া গ্রামে উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির নিজস্ব জমি ও স্থায়ী ভবন রয়েছে। যেখানে একটি হলরুম ও দুটি পাশাপাশি রুম রয়েছে। সীমানা প্রাচীর দিয়েও আমাদের শিক্ষক ও কর্মচারীদের সেই সম্পদ ২৭ বছর ধরে ঘেরা রয়েছে। দীর্ঘদিন আগে ১৯৯৭ সালে এই জমিটি বিক্রয় কবলা সূত্রে ইব্রাহিম মন্ডলের কাছ থেকে উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতি ক্রয় করে। এই জমির প্রথম মালিক হাবিবুর রহমান জমিটি বিক্রি করেন মহসিন আলীর কাছে। মহসিন আলী বিক্রি করে নুরুল হুদার কাছে। নুরুল হুদা বিক্রি করে ইব্রাহিম মন্ডলের কাছে। পরে ইব্রাহিম মন্ডলের কাছ থেকে আমরা জমিটি ক্রয় করি। ১৯৯৭ সাল থেকে জমিটি আমাদের আয়ত্তে রয়েছে এবং এখান থেকেই আমরা আমাদের সমস্ত কার্যক্রম পরিচালনা করি। কিন্তু হঠাৎ করেই চলতি মাসের গত ৪ তারিখে কিছু ভূমি দুস্যদের দ্বারা জায়গাটি দখল হয়। আমরা বিষয়টি গাংনী থানার ওসিকে অবগত করেছি এবং আমাদের সমস্ত দলিল ও কাগজপত্র দেখিয়েছি। মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার উপ-পরিদর্শক এসআই শাহীন মিয়া জানান, শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য আদালত থেকে ১৪৫ ধারা জারি করা হয়েছে। উভয়কে শান্তশিষ্ট থাকার জন্য বলা হয়েছে।

## মহেশপুরে তারুন্যের জয়যাত্রা

সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, জেলা আওয়ামীলীগের তথ্য ও গবেষনা বিষয়ক সম্পাদক ও কেন্দ্রীয় স্বেচ্ছাসেবকলীগের সদস্য আনিচুর রহমান টিপু,ঝিনাইদহ জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন,যুগ্ন আহবায়ক রাশেদুল রহমান রাসেল,হাফিজুর রহমান হাফিজ,রাজু আহম্মেদ,শফিকুল ইসলাম শিমুল, পান্তাপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাজাহারুল ইসলাম স্বপন প্রমুখ।

## আলমডাঙ্গায় কবিতা আড্ডা

সাংস্কৃতিক ব্যাক্তিত্ব খন্দকার শাহ আলম মন্টু।

তিনি বলেন সাহিত্য ও সাংস্কৃতি হচ্ছে সমাজ সংস্কারের হাতিয়ার। আমাদের ছেলে, মেয়েদের যদি সাহিত্য মনা করতে না পারি তাহলে তারা শুধু পুথিগত বিদ্যার মধ্যে নিমগ্ন থাকবে,তাই আসুন আমরা সকলে মিলে আলমডাঙ্গায় আবারও সাহিত্য ও সাংস্কৃতির প্রসার ঘটায়। প্রধান বক্তা হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বীরমুক্তিযোদ্ধা,অবসরপ্রাপ্ত শিক্ষক ও কবি আবুল কাশেম। প্রধান আলোচক ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাব সেক্রেটারি, কলমিলতা সাহিত্য পত্রিকার সম্পাদক,বিশিষ্ট নাট্যকার,কবি ও সাহিত্যিক খন্দকার হামিদুল ইসলাম আজম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদ সভাপতি,অবসরপ্রাপ্ত শিক্ষক ও কবি ওমর আলী মাষ্টার, আলমডাঙ্গা পৌর সভার প্যানেল মেয়র-৩ মনোয়ারা খাতুন,বক্তব্য ও কবিতা আবৃতি করেন গাঙচিলের সেক্রেটারি কবি হাবিবুর রহমান মজুমদার, সদস্য ও কবি এম সিদ্দিকুর রহমান,কবি আঃ খালেক, আঃ মালেক, দেশের কবি জোয়াদ আলী,কবি আলতাফ হোসেন প্রমুখ। সহযোগিতা করে নাঈম ইসলাম।

## সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ

হয়। জাতীয় পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য ও জেলা জাতীয় পার্টির আহ্বায়ক মোঃ মোসলেম আলীর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির সদস্য সচিব আব্দুর রাজ্জাক।

বিশেষ অতিথি হিসেবে, জেলা জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক মোঃ আমিরুল ইসলাম, মোঃ নজরুল ইসলাম, মোঃ সোহরাব হোসেন, মোঃ তানজিদা ইসলাম, মোঃ চাঁদ আলী, মোঃ লুৎফর রহমান সহ আরো অনেকেই উপস্থিত ছিলেন। পরে হুসেইন মুহম্মদ এরশাদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

## চুয়াডাঙ্গায় যুবলীগের শান্তি সমাবেশ

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, জেলা যুবলীগের আহবায়ক কমিটির অন্যতম সদস্য আজাদুল ইসলাম, হাফিজুর রহমান হাপু, অ্যাড, তছলিম উদ্দীন ফিরোজ, আব্দুস সালাম ভূট্টু ও জেলা যুবলীগ নেতা দরুদ হোসেন। দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ইউপি চেয়ারম্যান হযরত আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা যুবলীগ নেতা এসএম মহসিন আলী, হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন বিপু, জুড়ানপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি সেলিম উদ্দিন খুশি, নতিপোতা ইউনিয়ন যুবলীগের আহবায়ক কাউছার আলী, হাউলী ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান বিপ্লব, উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি যুবলীগ নেতা জামিরুল ইসলাম ও উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু। উপস্থিত ছিলেন যুবলীগ নেতা হাসান মেম্বার, মতিয়ার রহমান মেম্বার, শাহীন উদ্দীন শান্তনু, জাহাঙ্গীর আলম, রফিকুল ইসলাম, জামাত আলী, উপজেলা যুবলীগের দফতর সম্পাদক রকিবুল হাসান, যুবলীগ নেতা জাহাঙ্গীর আলম, শেখ হাফিজুর শামসের, বড় শাহীন, দামুড়হুদা সদর ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক একরামুল হক, যুবলীগ নেতা আব্দুল মালেক ভূইয়া, জাকারিয়া লাল্টু, নাহিদ, ডলার, স্বপন, ছাত্রলীগ নেতা পাপ্পুসহ প্রমূখ। প্রধান অতিথির বক্তব্যে কেন্দ্রীয় যুবলীগের সদস্য শাহরিয়ার কবির বলেন, যারা যুবলীগ করেন তাদের সকল ভেদাভেদ ভূলে রাজপথে থাকতে হবে এবং যুবলীগের যে কোন কর্মসূচি সফল করতে হবে। সর্বপরি মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে আবারও রাষ্ট্রীয় ক্ষমতায় আনতে হবে।

## মহেশপুরে কবি-গল্পকার

মহেশপুর সাহিত্য পরিষদের অফিস কক্ষে সংগঠনের সহ সভাপতি প্রভাষক নাসির উদ্দীনের সভাপতিত্বে ও কবি মিঠু হাফিজের সঞ্চালনায় অনুষ্ঠিত সংর্বধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহেশপুর সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক কবি নিখিল কুমার পাল, জাতীয় শ্রমিকলীগের সভাপতি ব্যাংকার হুমায়ুন কবির,মহেশপুর পৌর মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ মোজাফর হোসেন, কবি আলাউদ্দীন মিয়া প্রমুখ।

## ইবির চিকিৎসা কেন্দ্র ভাঙচুর ঘটনায়

বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের আতিক আরমান এবং সালমান আজিজ।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. শাহাদৎ হোসেন আজাদ বলেন, ছাত্র শৃঙ্খলা কমিটির সভায় চিকিৎসা কেন্দ্রে ভাঙচুরের ঘটনায় অভিযুক্ত রেজওয়ান সিদ্দিকী কাব্যসহ তার অপর দুই সহযোগীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে? মাননীয় উপাচায্রের সভাকক্ষে ছাত্র শৃঙ্খলা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় উপাচার্যকে তদন্ত কমিটি গঠনের ক্ষমতা অর্পণ করা হয়েছে। কমিটির প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

চলতি মাসের ১০ জুলাই রাত সাড়ে ১১টায় চিকিৎসা কেন্দ্রের জরুরি বিভাগে ভাঙচুরের করা হয়। সেউ ঘটনায় পরবর্তীতে প্রশাসনের কাছে লিখিত অভিযোগ দিয়েছিল বিশ্ববিদ্যালয়ের চিফ মেডিক্যাল অফিসার। চিকিৎসা কেন্দ্র সূত্রে জানা যায়, ভাংচুরের রাত সাড়ে ৯ টায় বুকের ব্যথার জন্য চিকিৎসা কেন্দ্রে যান রেজওয়ান সিদ্দিকি কাব্য। তাৎক্ষণিক তাকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। এরপর আবার চিকিৎসা কেন্দ্রে অ্যাম্বুলেন্স নিয়ে চিকিৎসা নিতে কুষ্টিয়া সদর হাসপাতালে যেতে চান কাব্য। অ্যাম্বুলেন্স দিতে দেরি হওয়ায় কাব্য ক্ষিপ্ত হয়ে মেডিকেল সেন্টারের জরুরি বিভাগে ভাংচুর চালায় ও অ্যাম্বুলেন্স চালকের সাথে খারাপ ব্যবহার করে এবং তাকে মারধর করে।

প্রসঙ্গত, গত বছরের জুলাইয়ে মহাসড়কে ছিনতাই ও ক্যাম্পাসে অস্ত্রসহ মহড়া দেয়ার অভিযোগে কাব্যকে আটক করে পুলিশ। সেসময়ও বিশ্ববিদ্যালয় থেকে কাব্যকে সাময়িক বহিষ্কার করা হয়।

## মুজিবনগরে ইট বোঝাই ট্রলির

সামিউল। এসময় ট্রলির পিছনের চাকার নিচে পড়ে যায় শিশু সামিউলের মাথা ও ডান হাত থেতলিয়ে যাই। তাৎক্ষণিক ভাবে স্থানীয় লোকজন সামিউলকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে প্রেরণ করেন। শিশু সামিউলের অবস্থা আশংকা জনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসা তাকে রাজশাহী মেডিকেলে রেফার করেন। এদিকে দুর্ঘটনা ঘটার সাথে সাথে ঘাতক ট্রলি চালক, কালু (২৬) ঐ স্থানে ইঠ বোঝাই গাড়ি ও গাড়ির মালিক তারিকুল ইসলাম (২৭) কে ফেলে রেখে পালিয়ে যাই। এঘটনায় শিশু সামিউলের ছোট চাচা বাদি হয়ে মুজিবনগর থানায় একটি এজহার দাখিল করেন। এদিকে এলাকা বাসি জানান, শিশু সামিউলের পিতা ক্যান্সারজনিত কারণে পেটে ৬ মাসের বাচ্চা ও গর্ভবতী স্ত্রীকে রেখে প্রায় সাড়ে ৬ বছর আগে মারা যান। সেই সূত্রে শিশু সামিউল জন্মের আগেই হারান তার পিতা কে। এত ছোট বয়সে এমন মর্মান্তিক দুর্ঘটনার স্বীকার হয় সামিউল। বর্তমানে সামিউল রাজশাহী মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এলাকাবাসি আরো বলেন, তাদেরকে দেখার কেউ নেই। তাই যাদের মাধ্যমে এই ঘটনা ঘটেছে তাদের হাত ধরেই যাতে শিশু সামিউল আবার সুস্থ হয়ে ফিরতে পারেন এই দাবি করেন তারা।

## মেহেরপুরের কাঠালপোতায় মরিচ

গ্রামের মুন্তাজ আলী। ক্ষেতে ফুল আসা শুরু হয়েছিল। এমন মুহূর্তে শনিবার ভোরে মরিচ ক্ষেতে পূর্ব শত্রুতার জের ধরে মরিচ গাছ কেটে তছরুপ করে রুবেল নামের এক ব্যক্তি। বিষয়টি দেখতে পেয়ে রুবেলকে তাড়া করে ক্ষেত মালিক ও তার লোকজন। তবে তাকে ধরতে ব্যর্থ হন তারা। কৃষকের ফসল কেটে দেয়ার ঘটনায় এলাকায় তীব্র ক্ষোভ বিরাজ করছে। দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন ক্ষেত মালিকের মা র?শিদা খাতুনসহ পরিবারের লোকজন।

## মেহেরপুর বন্ধুসভার উদ্যোগে

বশির আহমেদ, সদস্য লিখন, রিয়াজুল, ফয়সাল, রবিন, ফারুখ প্রমুখ। ৭৭ টি বিভিন্ন ফলদ ও বনজ বৃক্ষের চারা সরকারি কলেজ প্রাঙ্গনের রোপন এবং ৪০০টি বিতরণ করা হয়। সংক্ষিপ্ত আলোচনা সভায় সভাপতি অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধূমকেতু বলেন, বৃক্ষই মানুষের প্রকৃত বন্ধু। আমাদের বাড়ির খালি পড়ে থাকা আঙ্গিনায় ফলদ বনজ বৃক্ষ রোপন করে সবুজে ভরে তুলতে পারি দেশটিকে। দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের উচিত হবে স্ব স্ব উদ্যোগে বৃক্ষরোপন করা। এতে শিক্ষার্থীরা উৎসাহিত হবে।

## শেখ হাসিনার কারাবন্দি দিবস

২৫ লাখ গণস্বাক্ষর সংগ্রহ করে তত্ত্বাবধায়ক সরকারের কাছে জমা দেয়। এসব দাবির প্রেক্ষিতে তৎকালীন তত্ত্বাবধায়ক সরকার শেখ হাসিনাকে মুক্তি দিতে বাধ্য হয়। শেখ হাসিনার মুক্তির মধ্য দিয়ে এদেশের মানুষের গণতান্ত্রিক অধিকার পুনরায় ফিরে আসে। যুগপৎভাবে বিকাশ ঘটে গণতন্ত্র ও উন্নয়নের। সেদিন ভোরে আইন-শৃঙ্খলা বাহিনীর প্রায় দুই সহস্রাধিক সদস্য সম্পূর্ণ বে-আইনীভাবে শেখ হাসিনার ধানমন্ডিস্থ বাসভবন সুধা সদন ঘেরাও করে। সেই সময় শেখ হাসিনা ফজরের নামাজ আদায় করছিলেন। সকাল সাড়ে ৭টার দিকে যৌথবাহিনীর সদস্যরা শেখ হাসিনাকে হয়রানিমূলক মিথ্যা মামলায় গ্রেফতার করে সুধা সদন থেকে বের করে নিয়ে আসে এবং যৌথবাহিনীর সদস্যরা বন্দি অবস্থায় তাঁকে ঢাকার সিএমএম আদালতে হাজির করে। তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের নীলনকশা অনুযায়ী আদালতের কার্যক্রম শুরু হওয়ার নির্ধারিত সময়ের প্রায় দুই ঘণ্টা আগেই আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার জামিন আবেদন আইন বহির্ভূতভাবে না মঞ্জুর করেন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট।

## চোখ পরীক্ষা করতে গিয়ে অনাথ

গেছেন। মা রাবেয়া বেগম সুতার কারখানায় কাজ করতেন। এখন চাঁদপুরে রাম দাসদি আশ্রয়ণ-এর ৮/৩ নং ঘরে থাকে। রাব্বির সৎ বাবা জাহাঙ্গীর আলম দিন মজুর। ক্যান্টিনে কাজ নেওয়ার আগে ক্লাস টু পর্যন্ত পড়েছে রাব্বি। ছোট্ট শিশুটি প্রধানমন্ত্রীকে বলে, আমি চাঁদপুরে মায়ের কাছে যেতে চাই। আবার পড়াশোনা করতে চাই।

এসব কথা শুনে আবেগাপ্লুত হয়ে পড়েন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাৎক্ষণিকভাবে রাব্বির সব দায়িত্ব নিয়ে নেন তিনি। পাশাপাশি পরবর্তীতে রাব্বির পড়াশোনাসহ যেকোনো প্রয়োজন মেটানোর জন্য ব্যবস্থা করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন তিনি।

## ঢাকায় এসে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ

তিনি। বিদ্যুৎ বিভাগ ও আদানি গ্রুপের দায়িত্বশীল সূত্র বলছে, গতকাল শনিবার সকাল ১০টার দিকে নিজস্ব উড়োজাহাজে করে ঢাকায় নামেন গৌতম আদানি। বেলা ১১টার দিকে তিনি গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এরপর বেলা সোয়া একটার দিকে আবার নিজস্ব উড়োজাহাজে করে ঢাকা ছাড়েন তিনি। এ বিষয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, গোড্ডা বিদ্যুৎকেন্দ্র পুরোপুরি উৎপাদন শুরু করায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ দিতে এসেছিলেন গৌতম আদানি।

## ইইউ প্রতিনিধিদলকে যা বললো

সরকারের অধীনে ভোট হতে হবে। দুপুর আড়াইটার পর বৈঠকটি শুরু হয়। বৈঠকে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন রিকার্ডো শেলেরি। অন্যদিকে আব্দুল্লাহ মো. তাহেরের নেতৃত্বে জামায়াতের চারজন বৈঠকে অংশ নেন। এর আগে দুপুর ১২টায় ইইউ প্রাক-নির্বাচন পর্যবেক্ষক প্রতিনিধিদলের সঙ্গে আওয়ামী লীগের বৈঠক হয়। বনানীর শেরাটন হোটেলে অনুষ্ঠিত হওয়া বৈঠকে আওয়ামী লীগের নেতৃত্বে দেন দলটির সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সকালে বিএনপির সঙ্গে বৈঠকের মধ্যে দিয়ে ইইউ প্রাক-নির্বাচন পর্যবেক্ষক দলের বৈঠক শুরু হয়। সকাল ৯টায় শুরু হওয়া বৈঠক চলে সাড়ে ১০টা পর্যন্ত। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার গুলশানের রাজনৈতিক কার্যালয়ে বৈঠক শুরু হয়। এরপর জাতীয় পার্টির সঙ্গে বৈঠক করে ইইউ প্রতিনিধিদল।

## আওয়ামী লীগ সরকারের অধীনে

সবসময় বলে আসছি, দেশের মানুষ ও বিশ্ব বলছে, এই অবৈধ সরকারের অধীনে নির্বাচনে যাওয়ার প্রশ্নই ওঠে না।

নির্বাচনের দিন তো দূরের বিষয়, এখনই নির্বাচনের ভোট চুরি চলছে মন্তব্য করে তিনি বলেন, এখনই ডিসিদের, পুলিশ অফিসারদের পোস্টিং হচ্ছে। বিএনপি নেতাদের গ্রেপ্তার চলছে, বিভিন্ন জায়গায় আক্রমণ চলছে। বিএনপির নেতাকর্মীদের মামলা ত্বরান্বিত করে সাজা দিচ্ছে। যাতে তারা নির্বাচনে অংশ নিতে না পারে। অর্থাৎ ভোট চুরি প্রত্যেকদিন চলছে বাংলাদেশে। আগামীতে তারা নিয়ন্ত্রণ করে ভোট চুরি করবে। স্বাভাবিক এই বিষয়গুলো আলোচনায় এসেছে। আমরা বলেছি, এই অবৈধ সরকারের অধীনে দেশের মানুষ তাদের ভোট প্রয়োগ করতে পারবে না। তাদেরকে প্রতিনিধি নির্বাচন করতে পারবে না। তাদের সরকার নির্বাচন করতে পারবে না। বিষয়গুলো সবার জানা আছে, কিন্তু বর্তমান প্রেক্ষাপটে বিষয়গুলো যেহেতু আলোচনা আসছে, তাই বারবার বলতে হচ্ছে। গত দুটি সংসদ নির্বাচনে ইইউ কোনো পর্যবেক্ষক পাঠায়নি, এবার তারা পাঠাবে কি না জানতে চাইলে আমির খসরু বলেন, সেটা তো তাদের সিদ্ধান্ত। পর্যবেক্ষক পাঠাবে কি পাঠাবে না সেটা তাদের বিষয়। এটা তো আমি উত্তর দিতে পারবো না। আগে তো বাংলাদেশে নির্বাচন হতে হবে বলে উল্লেখ খসরু বলেন, পর্যবেক্ষকের প্রশ্ন তখনই আসে যখন সুষ্ঠু নির্বাচন হয়। দেশের জনগণ, বিশ্বের জনগণ, তারা কেউ বিশ্বাস করে না দেশে বিগত নির্বাচনগুলোতে জনগণ ভোট দিয়ে সরকার গঠন করেছে। আগামীতে করারও কোনো কারণ নেই।

## শেখ হাসিনার নেতৃত্বে সুষ্ঠু নির্বাচন

মাস আগে সম্প্রতি বাংলাদেশ সফরে আসে ইইউ প্রতিনিধিদলটি।

শনিবার ক্ষমতাসীন আওয়ামী লীগের সঙ্গে আলোচনায় বসার আগে তারা বিএনপির সঙ্গে বৈঠক করে। বিএনপি তাদের বলেছে, আওয়ামী লীগকে ক্ষমতায় রেখে কোনো নির্বাচনে তারা যাবে না। কেননা, তারা মনে করে আওয়ামী লীগের অধীনে নির্বাচন সুষ্ঠু হওয়ার সুযোগ নেই।

বিএনপির বক্তব্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে ওবায়দুল কাদের বলেন, 'আমাদের সঙ্গে কী কথা হয়েছে, আমরা বললাম। বিএনপির সঙ্গে কী কথা হয়েছে, তা নিয়ে আমরা কেন বিতর্ক করতে যাব? সেটা তাদের ব্যাপার।'

বিরোধ অবসানে সংলাপের কোনো বিষয়ও ইইউর সঙ্গে আলোচনায় আসেনি বলে জানান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। তিনি বলেন, 'সংলাপ নিয়ে প্রতিনিধি দল কোনো কথা বলেনি। এমনকি তত্ত্বাবধায়ক সরকার কিংবা সংসদ বিলুপ্তির বিষয় নিয়েও প্রতিনিধি দল কোনো কথা বলেনি।'

ওবায়দুল কাদের বলেন, 'বাংলাদেশের সংবিধান ও বিধি-বিধান অনুসারে আগামী নির্বাচন হবে। পৃথিবীর অন্যান্য দেশের মতো বাংলাদেশেও শেখ হাসিনার নেতৃত্বে নির্বাচনকালীন সরকার গঠন হবে। এখানে পার্লামেন্ট বিলুপ্তির প্রশ্নই ওঠে না। সরকারের পদত্যাগের প্রশ্নই ওঠে না। তত্ত্বাবধায়ক সরকারের প্রশ্নই ওঠে না।'

রিকার্ডো শেলেরির নেতৃত্বে ইইউর পাঁচ সদস্যের প্রতিনিধি দল এদিন আওয়ামী লীগের সঙ্গে বৈঠক করেন।

আওয়ামী লীগ প্রতিনিধিদলে ওবায়দুল কাদেরের সঙ্গে ছিলেন দলের সভাপতিমণ্ডলীর সদস্য মুহাম্মদ ফারুক খান, উপদেষ্টা পরিষদের সদস্য মোহাম্মদ জমির, যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ, আন্তর্জাতিক সম্পাদক শাম্মী আহমেদ, দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়া, তথ্য ও গবেষণা সম্পাদক সেলিম মাহমুদ, কার্যনির্বাহী সদস্য তারানা হালিম ও মোহাম্মদ এ আরাফাত।

# স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সংগঠক আশফাকুর রহমান আর নেই

**বিনোদন প্রতিবেদক :** স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অন্যতম সংগঠক আশফাকুর রহমান খান আর নেই। শুক্রবার সকাল সাড়ে ৮টার দিকে রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার বয়স হয়েছিল ৮১ বছর। আশফাকুর রহমান খান স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান ব্যবস্থাপক ছিলেন। স্বাধীনতার পর তার হাত ধরেই বাংলাদেশ বেতার গড়ে ওঠে। বঙ্গবন্ধু হত্যার বিচারের অন্যতম সাক্ষী ছিলেন তিনি। রাজধানীর ফার্মগেট এলাকার বায়তুশ শরফ মসজিদে বাদ জুমা প্রয়াতের প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। এরপর মরদেহ দাফনের জন্য মুন্সীগঞ্জের ষোলশহরের নিয়ে যাওয়া হয়। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দুই কৃতী ব্যক্তিত্ব একদিনে বিদায় নিলেন। এর আগে শেষ রাতে মারা যান শিল্পী বুলবুল মহলানবীশ। দীর্ঘদিন ধরেই নানা অসুখে ভুগছিলেন তিনি।

# প্রশংসা কুড়াচ্ছেন তিশা-ফারহান

**বিনোদন প্রতিবেদক :** 'মেয়ে মানুষের বৈবাহিক অবস্থার মধ্যে রয়েছে- বিবাহিত, অবিবাহিত, বিধবা আর ডিভোর্সি। এর মধ্যে ডিভোর্সি অবস্থাটা মেয়েদের জন্য অভিশাপের মতো। আমি একটা ডিভোর্সি মেয়ে। চারপাশের মানুষগুলো এমনভাবে মাঝে মধ্যে এ কথাটা আমাকে মনে করিয়ে দেয়, তখন নিজেকে সমাজের কাছে অনেক বড় বোঝা মনে হয়। আসলেই কী আমি সমাজের কাছে অনেক বড় বোঝা? আমি তো নিজের পায়ে দাঁড়িয়েছি। নিজে মেনে নিয়েছি নিজের ডিভোর্সটাকে। তাহলে মানুষের এত মাথা ব্যথা কেন? মানুষের এত টেনশন কেন আমার ডিভোর্স নিয়ে?' নেপথ্য কণ্ঠে কথাগুলো বলেন অভিনেত্রী তানজিন তিশা। 'আই অ্যাম ডিভোর্সড' নাটকের একটি দৃশ্যে আপন মনে এসব কথা বলতে দেখা যায় তিশাকে। তারপর মূল গল্পের ভেতরে টানতে থাকে দর্শকদের। মাহমুদুর রহমান হিমি নির্মিত এ নাটক গত ৯ জুলাই ইউটিউবে মুক্তি পেয়েছে। এতে তিশার সহশিল্পী হিসেবে অভিনয় করেছেন মুশফিক আর ফারহান। মজার ব্যাপার হলো এ অভিনেতার গল্প নিয়েই নির্মিত হয়েছে নাটকটি। যা মুক্তির পর দর্শকদের নজর কেড়েছে। মুক্তির পাঁচ দিনে নাটকটির ভিউ দাঁড়িয়েছে ১৮ লাখ ৫৫ হাজারের বেশি। মুগ্ধতা প্রকাশ করছেন নেটিজেনরা। তানিয়া নামে একজন লিখেছেন, 'আমার জীবনের কাহিনি। ধন্যবাদ এত বাস্তবিক একটা গল্প নিয়ে কাজ করার জন্য নির্মাতা ও রচয়িতাকে।' বৃষ্টি নামে একজন লিখেছেন, 'একটা ডিভোর্সি মেয়ের দুনিয়াটা যে কত কঠিন, সেটা একটা মেয়েই জানে।' পলাশ নামে একজন লিখেছেন, 'সত্যিই নাটকটি দেখে অনেক কান্না করছি। নিজের অজান্তেই চোখ দিয়ে পানি চলে আসছে।' আরেকজন লিখেছেন, 'পরিচালককে যতই বলি কম হয়ে যাবে। আর এই গল্প যে লেখেছে তাকে কি আর বলব বলার ভাষা হারিয়ে ফেলেছি। অভিনয় ইশ! পুরাই অসাধারণ বছরের সেরা নাটক।' এমন অসংখ্য মন্তব্য ভেসে বেড়াচ্ছে কমেন্ট বক্সে। নাটকটির অন্যান্য চরিত্রে অভিনয় করেছেন- মেহেদি হাসান পিয়াল, বাসার বাপ্পি, সাবিহা জামান, অনামিকা জ্যোতি, বিটুল, ইতি, আজাদ প্রমুখ।

# অশ্লীল বার্তায় বিপাকে অভিনেত্রী

**বিনোদন ডেস্ক :** ভক্ত-দর্শকের সঙ্গে যুক্ত থাকার জন্য সামাজিক যোগাযোগমাধ্যমের কোনো বিকল্প নেই। মাঝেমাঝে এটাই আবার বিপত্তির কারণ হয়ে দাঁড়ায় তারকাদের জন্য। যেমনটা ঘটল কলকাতার ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী অনিন্দিতা রায় চৌধুরীর বেলায়। এই অভিনেত্রীর নাম ও ছবি চুরি করে তৈরি হয়েছে একাধিক ফেক প্রোফাইল। কোনো অ্যাকাউন্ট থেকে চাওয়া হচ্ছে টাকা তো কোনো অ্যাকাউন্ট থেকে পাঠানো হচ্ছে অশ্লীল মেসেজ। এবার পুলিশের দ্বারস্থ অনিন্দিতা। পাশাপাশি ক্ষোভ উগরে দিলেন সামাজিকমাধ্যমেও। ফেসবুকে অনিন্দিতা রায়চৌধুরী লেখেন, একই সমস্যা বারবার হচ্ছে, নানা রকম ফেক অ্যাকাউন্ট থেকে মানুষকে বিরক্ত করা হচ্ছে, কখনো 'টাকা দিলে কাজ দেব' বলা হচ্ছে, কখনো অশ্লীল শব্দ ব্যবহার করে টেক্সট করা হচ্ছে। এবং স্বাভাবিকভাবেই আমারই একাধিক ছবিও ব্যবহার করা হচ্ছে সেই সমস্ত প্রোফাইলে। কলকাতা পুলিশ ও সাইবার ক্রাইমের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করছি। এমনকী ফেসবুকের নিজস্ব প্রাইভেসি হেল্পলাইনেও যোগাযোগ করেছি। কিন্তু কোনো উপকার হয়নি।


## হারিয়েছে

আমি মোঃ গোলাপ নবী, পিতাঃ মোঃ রবজেল মন্ডল, গ্রামঃ- রুইথনপুর, পোষ্টঃ-গোকুলখালী, থানাঃ- আলমডাঙ্গা, জেলাঃ- চুয়াডাঙ্গা। আমার জীবন বীমা কর্পোরেশনের বীমা পত্র নং- ২৫৯৬৯৯৮-১ এর মূল দলিল হারিয়েছে। এ সম্পর্কে কাহারো কোন দাবী থাকিলে দাবীটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জীবন বীমা কর্পোরেশন, আঞ্চলিক কার্যালয়, কে ডি এ এভিনিউ এ দাবীটি উত্থাপন করিতে হইবে। নইলে দাবীটি সম্পূর্ণ অগ্রাহ্য হইবে।

**মোঃ গোলাপ নবী**

## হারিয়েছে

আমি ফারহানা ইজাহান, পিতাঃ মনোয়ার হোসেন, মাতাঃ সোনিয়া আক্তার, সাং- কাঞ্চননগর, থানা ও জেলা ঝিনাইদহ। আমার এসএসসি ও এইচএসসি'র মুল সার্টিফিকেট, প্রবেশ পত্র ও মার্কশিট হারিয়েছে। যার এসএসসি'র রেজি নং-১৬১৩৭৮৬৫০৭, রোল নং-১১৯৪৩১, বিভাগঃ- বিজ্ঞান,পাশের সালঃ-২০১৯ ও এইচএসসি'র রেজি নং- ১৬১৩৭৮৬৫০৭, রোল নং- ২৩০৫৬৮, বিভাগঃ- মানবিক, পাশের সালঃ-২০২১, উভয় শিক্ষা বোর্ড যশোর। ঝিনাইদহ থানার জিডি নং- ১০৪১,তারিখঃ-১৫-০৭-২৩ ইং।

**ফারহানা ইজাহান**

## হারিয়েছে

আমার এস.এস.সি ও এইচ.এস.সি এর মুল সনদপত্র হারিয়েছে। এস.এস.সি এর রোল নং-৪৬৫৫০২, রেজিস্ট্রেশন নং-৩১৩৬৪৭, শিক্ষাবর্ষ-২০০৮-২০০৯, প্রতিষ্ঠানের নাম-রামচন্দ্রপুর মাধ্যমিক বিদ্যালয়,ঝিনাইদহ, বিভাগ-ব্যবসায় শিক্ষা,পাশের সাল-২০১০,বোর্ডের নাম-যশোর বোর্ড, কেন্দ্রের নাম-উত্তর নারায়নপুর, ঝিনাইদহ সদর থানার জিডি নং-১০৫৩,তারিখ-১৫/০৭/২৩। এইচ.এস.সি এর রোল নং-৬২২৩৫৩, রেজিস্ট্রেশন নং-৩৬৭৩৫১, শিক্ষাবর্ষ-২০১০-১১, প্রতিষ্ঠানের নাম-ঝিনাইদহ কলেজ, ঝিনাইদহ, বিভাগ-ব্যবসায় শিক্ষা,পাশের সাল-২০১২, বোর্ডের নাম-যশোর বোর্ড,কেন্দ্রের নাম-ঝিনাইদহ, ঝিনাইদহ সদর থানার জিডি নং-১০৫২,তারিখ-১৫/০৭/২৩।

**মোঃ হাবিবুর রহমান,**
**পিতার নাম-ছানারুদ্দীন,**
**মাতার নাম-সুফিয়া খাতুন,**
**গ্রাম-রামচন্দ্রপুর,হলিধানী,ঝিনাইদহ সদর,ঝিনাইদহ।**

## হারিয়েছে

আমার ডিপ্লোমা ইন টেক্সটাইল এর ৮ম সেমিস্টারের মুল প্রবেশ পত্র হারিয়েছে। যার রোল নং-১৯৫৭৯৪,রেজিস্ট্রেশন নং-১৯০০২১৩৫৮১, শিক্ষাবর্ষ-২০১৮-১৯, প্রতিষ্ঠানের নাম-কামরুল ইসলাম সিদ্দিকী ইনস্টিটিউট,কুষ্টিয়া, কোড নং-২৭০৭১, বিভাগ-টেক্সটাইল, সেমিস্টার- ৮ম, সাল-২০২১, শাখা-টেক্সটাইল, বোর্ডের নাম-বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড,ঢাকা। ঝিনাইদহ সদর থানার জিডি নং-১০৪৯,তারিখ- ১৫/০৭/২৩।

**মোঃ ওসমান আলী,**
**পিতার নাম- নবীছুদ্দিন আলী,**
**মাতার নাম- উজালা খাতুন,**
**গ্রাম-উদয়পুর,ঝিনাইদহ।**

## পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি বিধি মোতাবেক তালসার কাজী লুৎফর রহমান মাধ্যমিক বিদ্যালয়, গ্রাম তালসার,উপজেলা কোটচাঁদপুর, জেলা ঝিনাইদহ।
শুন্য পদে (১) জন সহকারী প্রধান শিক্ষক নিয়োগ করা হইবে। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে ১,০০০ (এক হাজার ) টাকার পোষ্টাল অর্ডার (অফেরত যোগ্য ) ৩ কপি ছবি ও প্রয়োজনীয়- কাগজপত্র (সত্যায়িত) সহ প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে।
পূর্বে আবেদনকারীগণ, পোষ্টাল অর্ডার ব্যতিরেখে আবেদন করতে পারবেন।


# লিঙ্গ পরিবর্তন নিষিদ্ধ করল রাশিয়া

**আন্তর্জাতিক ডেস্ক :** রাশিয়ার পার্লামেন্ট লিঙ্গ পরিবর্তন নিষিদ্ধ করে একটি আইন পাস করেছে। গত শুক্রবার পাস হওয়া এই আইনের প্রতি সব গ্রুপওসর্বসম্মতভাব্বে একমত প্রকাশ করে বলে ডুমার এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। স্টেট ডুমার চেয়ারপারসন ভাইচেস্লাভ ভোলোডিন সামাজিক মাধ্যমে এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেনওএই সিদ্ধান্ত আমাদের নাগরিকদের এবং আমাদের সন্তানদের সুরক্ষা দেবেব্ব তিনি লিঙ্গ পরিবর্তনে যুক্তরাষ্ট্রে ক্রমবর্ধমান উন্মাদনার কথা উল্লেখ করে বলেন যে এটি দেশের প্রজন্মকে শেষ করে দিচ্ছে। তিনি বলেন, এটি আমাদের কাছে গ্রহণযোগ্য নয়। আইনে বলা হয়েছে, শারীরিক সমস্যায় থাকা শিশুদের বাদ দিয়ে অন্য কারোরই লিঙ্গ পরিবর্তনবিষয়ক সার্জারি করা যাবে না। তাছাড়া সরকারি ইস্যু করা নথিপতে লিঙ্গ পরিবর্তন নিষিদ্ধ করা হয়েছে। তবে আইনটি কার্যকর করার আগে পার্লামেন্টের উচ্চকক্ষে পাস হতে হবে এবং প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের অনুমোদন লাগবে। ডুমা জানিয়েছে, নতুন আইনটির ফলে রাশিয়ার ট্রান্সজেন্ডার লোকদের ওপর ভয়াবহ প্রভাব পড়বে। কারণ ইতোমধ্যেই লিঙ্গ পরিবর্তনকারী লোকজন সন্তান দত্তক নিতে পারবে না এবং তাদের বিয়েও বাতিল হয়ে যাবে। ইউক্রেনে হামলার পর থেকেই রাশিয়া বেশ কিছু রক্ষণশীল পদক্ষেপ গ্রহণ করেছে, বিশেষ করে এলজিবিটিকিউ সম্প্রদায়ের বিরুদ্ধে। রুশ কর্তৃপক্ষ তাদের আচরণকে বিচ্যুতি এবং পাশ্চাত্য-প্রভাবিত মনে করে। গত নভেম্বরে রুশ আইনপ্রণেতারা সকল ধরনের ওএলজিবিটিকিউ প্রপাগান্ড্ব নিষিদ্ধ করে। আর রাশিয়ার এফএসবি নিরাপত্তা সার্ভিস চলতি সপ্তাহে ঘোষণা করেছে যে তারা একজন ট্রান্সজেন্ডার রাইটস অ্যাক্টিভিস্টকে গ্রেপ্তার করেছে ওরাষ্ট্রদ্রোহেব্ব অপরাধে। তার বিরুদ্ধে অভিযোগ, তিনি ইউক্রেনের সামরিক বাহিনীকে সমর্থন করছেন। এদিকে প্রকাশকেরা আশঙ্কা প্রকাশ করেছেন, ভ্লাদিমির নাবোকোভেব্বওললিতব্বর মতো ক্লাসিকগুলোর মুদ্রণ নিষিদ্ধ হয়ে যাবে। পুতিনের অধীনে ক্রেমলিন ও অর্থোডক্স চার্চের মধ্যকার সম্পর্ক ঘনিষ্ঠ হচ্ছে। উল্লেখ্য, অর্থোডক্স চার্চ ঐতিহ্যবাহী সামাজিক মূল্যবোধ বিকাশে সোচ্চার এবং পাশ্চাত্য সমাজগুলোর প্রভাবের বিরুদ্ধে সতর্কবাণী উচ্চারণ করে। সূত্র : ডেইলি সাবাহ



ছবি: ০২

**ইতালির ১৫টি শহরে রেড অ্যালার্ট জারি**

**এফএনএস বিদেশ:** ইউরোপের দক্ষিণাঞ্চলে প্রচণ্ড তাপপ্রবাহ অব্যাহত থাকায় ইতালির ১৫টি শহরে রেড অ্যালার্ট জারি করা হয়েছে। রেড অ্যালার্ট আগামী দিনের জন্য রোম, ফ্লোরেন্স এবং বোলোগনাসহ পর্যটন হটস্পটগুলোতেও প্রযোজ্য। ইতালীয় সরকার শনিবারের রেড অ্যালার্টের আওতাভুক্ত এলাকায় স্থানীয় সময় সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত সরাসরি সূর্যালোক এড়াতে এবং বয়স্ক বা দুর্বলদের বিশেষ যত্ন নেওয়ার পরামর্শ দিয়েছে। মঙ্গলবার উত্তর ইতালিতে তীব্র গরমে চল্লিশ বছরের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। ইতালীয় রাজনীতিবিদ নিকোলা ফ্রেটোয়ান্নি টুইট করেছেন, 'আমরা একটি অসহনীয় তাপপ্রবাহের মুখোমুখি হচ্ছি। সম্ভবত এটি এমন উষ্ণতম সময়, গরমে মৃত্যু ও অসুস্থতা এড়াতে প্রয়োজনীয় সব ধরনের সতর্কতা নেওয়া দরকার।' রোমের কলোসিয়ামের বাইরে এক ব্রিটিশ ব্যক্তিসহ দেশটির বেশ কয়েকজন পর্যটক ইতিমধ্যেই হিট স্ট্রোকের কারণে অসুস্থ হয়ে পড়েছেন। ইটালিয়ান মেটিওরোলজিক্যাল সোসাইটি নরকের তিন মাথার দানবের নামানুসারে এই তাপপ্রবাহের নাম দিয়েছে



# দক্ষিণ কোরিয়ায় ভূমিধস ও বন্যায় নিহত ৭

**আন্তর্জাতিক ডেস্ক :** ভূমিধসে ও বন্যায় দক্ষিণ কোরিয়ায় সাতজনের মৃত্যু হয়েছে এবং তিনজন নিখোঁজ রয়েছে। এ ছাড়া এক হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে। দেশটির কর্মকর্তারা জানিয়েছেন, তিন দিন ধরে প্রবল বৃষ্টির কারণে ভূমিধস এবং একটি বাঁধ ভেঙে গিয়ে গতকাল শনিবার এ ঘটনা ঘটে। স্থানীয় সময় সকাল ১১টা পর্যন্ত এক হাজার ৫৫৭ জনকে সরিয়ে নেওয়া হয়েছে এবং উত্তর চুংচেং প্রদেশে বাঁধের ওপর পানি চলে আসায় এই সংখ্যা আরো বাড়তে পারে বলে জানিয়েছে দক্ষিণ কোরিয়ার স্বরাষ্ট্র ও নিরাপত্তা মন্ত্রণালয়। এদিকে সকাল ৯টা পর্যন্ত প্রতি সেকেন্ডে দুই হাজার ৭০০ টনেরও বেশি পানি গোয়েসান বাঁধে প্রবাহিত হয়েছে। কোরিয়া রেলরোড করপোরেশন বলেছে, পানিপ্রবাহের ফলে সব ধীরগতির ট্রেন এবং কিছু বুলেট ট্রেন চলাচলে সমস্যা দেখা দিয়েছে। শুক্রবার একটি ট্রেন লাইনচ্যুত হয়ে পড়ে উত্তর চুংচেং প্রদেশে। ভূমিধসের কারণে মাটি, বালু পাথর ট্রেন লাইনের ওপর পড়ে এই ঘটনা ঘটে। এতে কয়েকজন প্রকৌশলীও আহত হন। গতকাল শনিবার এক বৈঠকে প্রধানমন্ত্রী হান ডাক-সু সামরিক বাহিনীকে সক্রিয়ভাবে উদ্ধার কার্যক্রমে যোগদানের জন্য আহ্বান জানিয়েছেন। সূত্র : রয়টার্স

# ফ্লোরিডায় ধরা পড়লো বার্মিজ অজগর

**আন্তর্জাতিক ডেস্ক :** দৈর্ঘ্য একটি পূর্ণবয়স্ক জিরাফের মতো। এরকম এক বার্মিজ অজগর ধরা পড়লো যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায়। সম্প্রতি এটিকে ধরেছেন জেক ওয়ালেরি নামে ২২ বছরের এক যুবক। অজগরটির দৈর্ঘ্য ১৯ ফুট। ওজন ৫৬ দশমিক ৬ কেজি। মনে করা হচ্ছে, এটিই পৃথিবীর দীর্ঘতম বার্মিস অজগর। অজগরটিকে ধরার পর তাকে দক্ষিণ-পশ্চিম ফ্লরিডার অভয়ারণ্যে নিয়ে গিয়েছেন জেক। সেখানেই তার দৈর্ঘ্য ও ওজন মাপা হয়েছে। ২০২০ সালের অক্টোবরে ফ্লোরিডায় থেকেই আরও একটি বার্মিজ অজগর উদ্ধার করা হয়েছিল। সেটির দৈর্ঘ্য ছিল ১৮ ফুট ৯ ইঞ্চি। এতদিন পর্যন্ত এটিই ছিল পৃথিবীর দীর্ঘতম বার্মিস পাইথন। অজগরটিকে উদ্ধারের ভিডিও পোস্ট করা হয়েছে সামাজিক যোগাযোগমাধ্যমে। সেখানে দেখা গেছে, রাস্তার ধারে বার্মিজ অজগরটিকে লেজ ধরে টান দেন জেক। তখনই তার দিকে তেড়ে আসে সেই বিশাল প্রাণী।

# ভারী বৃষ্টিতে এশিয়াজুড়ে শতাধিক মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** চলতি মৌসুমে ভারী বৃষ্টিতে এশিয়াজুড়ে শতাধিক মানুষ মারা গেছেন। প্রায় চার মাস ধরে চলা বৃষ্টিতে ভারত, চীন এবং জাপানসহ কয়েকটি দেশে বন্যা ও ভূমিধসের সৃষ্টি করেছে। এতে লাখ লাখ মানুষকে তাদের আবাসস্থল ছেড়ে সরে যেতে হয়েছে। রাজধানী সিউলে শুক্রবার ঝড়ের আঘাতের পর দক্ষিণ কোরিয়া উচ্চ সতর্কতা জারি হয়। অন্যদিকে গ্রীষ্মমন্ডলীয় ঘূর্ণিঝড়ের বিষয়ে সতর্ক করেছেন ফিলিপাইনের কর্মকর্তারা। চলতি সপ্তাহের শুরুতে জাপানের কিউশু দ্বীপে রেকর্ডভাঙ্গা বন্যার খবর পাওয়া গেছে। এতে স্থানীয় রাজনীতিবিদসহ অন্তত আটজন মারা গেছেন। অনেকে এখনও নিখোঁজ। জাপানের আবহাওয়া সংস্থার এক মুখপাত্র বলেন, 'এমন বৃষ্টি আগে কখনই হয়নি। শহরগুলোতে রেকর্ড পরিমাণ বৃষ্টিপাত হয়েছে।' জলবায়ু পরিবর্তন বিশ্বব্যাপী বন্যার ঝুঁকি বাড়িয়েছে বলে সতর্ক করেছেন বিজ্ঞানীরা। অনেক দেশ ইতোমধ্যে চরম আবহাওয়ায় হিমশিম খাচ্ছে। বিশ্ব আবহাওয়া সংস্থার হাইড্রোলজি, ওয়াটার অ্যান্ড ক্রায়োস্ফিয়ার পরিচালক স্টেফান উহলেনব্রুক বলেন, 'জাপানের মতো উন্নত দেশগুলো অত্যন্ত সতর্ক ছিল। বন্যা ব্যবস্থাপনার ক্ষেত্রে তারা খুব ভালভাবে প্রস্তুত।' তিনি বলেন, 'অনেক নিম্ন আয়ের দেশে কোনো সতর্কতা নেই। অনেক দেশে বন্যা প্রতিরক্ষা কাঠামো এবং কোন



সমন্বিত বন্যা ব্যবস্থাপনা নেই। জাপানি কর্তৃপক্ষ সপ্তাহের শুরুতে কিউশু দ্বীপের দুটি প্রিফেকচার থেকে চার লাখ ২০ হাজারের বেশি বাসিন্দাকে সরিয়ে নিয়েছে। এদিকে শুক্রবার ভোরে দক্ষিণ কোরিয়ার রাজধানীতে প্রবল বৃষ্টিপাতের কারণে ১৩৫ জনকে সরিয়ে নেওয়া হয়েছে। এ সময় ৪ হাজার পরিবারে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে পড়ে। সরকারি সংস্থার সঙ্গে জরুরি বৈঠকে প্রধানমন্ত্রী হান ডাক-সু বলেন, 'মৃত্যু কমানোই দেশের সর্বোচ্চ অগ্রাধিকার। তিনি বলেন, 'সরকারি কর্মকর্তাদের সতর্ক থাকা উচিত। বর্ষা শেষ না হওয়া পর্যন্ত তাদের প্রস্তুত থাকতে হবে।' যদিও অনেক কারণ বন্যা হয়, তবে বিজ্ঞানীরা বলছেন বৈশ্বিক উষ্ণায়নের কারণে জলবায়ু পরিবর্তন সারা বিশ্বে ভারী বৃষ্টির সম্ভাবনা বাড়িয়ে দিয়েছে। কারণ উষ্ণ বায়ুমণ্ডলে আরও বেশি পানি থাকে। চীন এবং ভারত ইতোমধ্যে কয়েক সপ্তাহের ভারী বৃষ্টিপাত দেখেছে। এতে দেশদুটির বিভিন্ন অঞ্চলে মারাত্মক ক্ষতি হয়েছে। ভাতরের উত্তরাঞ্চলে ভূমিধস, আকস্মিক বন্যা এবং ভবন ধসে কমপক্ষে ১০০ জন মারা গেছেন। রাজধানী দিল্লিতে পাতাল রেল সেবা বন্ধ করে দেওয়া হয়েছে। দেশের দ্বিতীয়-জনবহুল শহরটির রাস্তাও তলিয়ে গেছে বন্যার পানিতে। অনলাইনে ছবি ও ফুটেজে দেখা গেছে, মানুষ প্লাবিত রাস্তায় আটকা পড়েছেন। কোমর পর্যন্ত পানি জমেছে এসব রাস্তায়।

# ছয় মাসে বন্দুক হামলায় যুক্তরাষ্ট্রে প্রাণহানির নতুন রেকর্ড

**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাষ্ট্রে ১ জানুয়ারি থেকে ৩০ জুন পর্যন্ত ২৮টি গণহত্যার ঘটনা ঘটেছে। সবগুলো ঘটনাই বন্দুক হামলা। এর ফলে প্রতি সপ্তাহে মৃত্যুর সংখ্যা বেড়েছে। ছয় মাস, ১৮১ দিন, ২৮টি গণহত্যা, ১৪০ ভুক্তভোগী এবং একটি দেশ। এই ভুক্তভোগীরা অপরিচিতদের হাতে নিহত বা প্রিয়জনের হাতে গুলিবিদ্ধ হয়েছে। ছোট ছোট শহরে, বড় শহরে, নিজের ঘরে বা বাইরে দিনের আলোতে তাদের হত্যা করা হয়। এই বছরের নিরবচ্ছিন্ন রক্তপাত মার্কিন যুক্তরাষ্ট্রকে একটি ভয়াবহ মাইলফলকের দিকে নিয়ে গেছে, ২০০৬ সাল থেকে রেকর্ড করা সবচেয়ে মারাত্মক গণহত্যার ছয় মাস। জানুয়ারি থেকে জুন- এই ছয় মাসে বিভিন্ন অঙ্গরাজ্যে বন্দুক হামলায় যত মানুষ নিহত হয়েছে দেশটির ইতিহাসে এর আগে ছয় মাসে কখনো এত নিহতের ঘটনা ঘটেনি। মার্কিন বার্তা সংস্থা অ্যাসোসিয়েটেড প্রেস (এপি), সংবাদমাধ্যম ইউএসএ টুডে এবং নর্থইস্টার্ন বিশ্ববিদ্যালয় পরিচালিত একটি ডাটাবেইসের তথ্য বিশ্লেষণ করে এ তথ্য জানা গেছে।

## বিনোদন



# আসছে মাহফুজ আহমেদের 'অদৃশ্য' চমক

**বিনোদন প্রতিবেদক :** মাঝে টানা ৮ বছরের বিরতি নিয়ে যেন রাজকীয় প্রত্যাবর্তন ঘটেছে অভিনেতা মাহফুজ আহমেদের। শুরুটা হলো গত ঈদে 'প্রহেলিকা' সিনেমা দিয়ে। যেখানে তিনি গত তিন সপ্তাহে প্রমাণ করেছেন, পুরান চাল ভাতে কতোটা বাড়ে। দেশের দুই রানিং 'সুপারস্টার' শাকিব খান ও আফরান নিশোর বিপরীতে মাহফুজ যেন একাই লড়াই করে টিকে আছেন এখনও। মাল্টিপ্লেক্সে ছবিটি চলছে হাউজফুল। তবে সিনেমা হলের সেই জৌলুস কমার আগেই নতুন খবরে চমকে দিলেন বিটিভি'র নুরুল হুদা। জানালেন, এবারই প্রথম তিনি কাজ করলেন ওটিটি প্ল্যাটফর্মে। তাও আবার শুরুটা হচ্ছে সিরিজ দিয়ে। নাম 'অদৃশ্য'। এরমধ্যে শুটিং প্রক্রিয়া প্রায় শেষের পথে। যাতে মাহফুজ আহমেদের বিপরীতে দেখা যাবে অপি করিমকে। দুজনই জুটি হয়ে শূন্য দশকে অসংখ্য কাজ করেছেন। লম্বা বিরতি পেরিয়ে ফের মুখোমুখি হচ্ছেন ওটিটিতে। বলা দরকার, ওটিটিতে মাহফুজ আহমেদের প্রথম কাজ হলেও অপি করিম এই অধ্যায়ের শুরু থেকেই কাজ করছেন। তার প্রথম ওটিটি কাজ ছিল অমিতাভ রেজার সিরিজ 'ঢাকা মেট্রো'। এদিকে দীর্ঘ ক্যারিয়ারের প্রথম সিরিজটিতে কাজ করে দারুণ উচ্ছ্বসিত মাহফুজ আহমেদ। যদিও এ সম্পর্কে আগাম কিছু বলতে চাননি অভিনেতা। তবু জানালেন এভাবে, 'এটা অন্যরকম একটা অভিজ্ঞতা। সেটা গল্প যেমন শুটিং অভিজ্ঞতাও তেমন। এভাবে কাজ করা হয়নি আগে। এর বেশি কিছু আমি বলতে পারছি না। যা বলার নির্মাতাই বলবে।'

# হিন্দি সিনেমায় ভাষা নিয়ে চিন্তিত মধুমিতা

**বিনোদন ডেস্ক :** অভিনয় দক্ষতা ও সৌন্দর্য গুনে টলিউড জয় করার পর এবার বলিউড মাতাতে চলেছেন অভিনেত্রী মধুমিতা সরকার। বহুদিন ধরেই গুঞ্জন চলছিল মধুমিতা মুম্বাই যাচ্ছেন। কলকাতা থেকে মুম্বাই পাড়ি দিয়েছেন বহু অভিনেতা। আর এবার সেই তালিকায় নাম লেখালেন সকলের প্রিয় পাখি। তবে হিন্দি সিনেমা হলেও ভাষা ভোজপুরী হওয়ায় চিন্তিত বাঙালী এ অভিনেত্রী। হিন্দুস্তান টাইমস বাংলার প্রতিবেদন অনুযায়ী, এর আগে মধুমিতা জানিয়েছিলেন হিন্দি সিনেমায় কাজ করার কথা। বলেছিলেন, 'বেশকিছু কাজের জন্য কথা হয়েছে। তবে যতক্ষণ না কনফার্ম হচ্ছে কিচ্ছু বলতে চাই না।' তবে এখন জানা যাচ্ছে অভিনেতা তনুজ ভিরওয়ানির সঙ্গে 'ফর্জ' নামে একটি সিনেমায় কাজ করতে চলেছেন মধুমিতা। এর আগে 'ইনসাইড এজ' নামে একটি সিনেমায় কাজ করেছিলেন তনুজ। সানি লিওনের সঙ্গেও একটি ছবিতে কাজ করেছেন তিনি। হিন্দুস্তান টাইমস বাংলাকে মধুমিতা বলেন,বাঙালি পরিচালক প্রীতম মুখোপাধ্যায় এর 'ফর্জ' হিন্দি সিনেমা হলেও সিনেমাটি আমার কাছে চ্যালেঞ্জিং হবে বলেই মনে হয়েছে।

# কুদরত উল্লাহ টেলিভিশন নাট্যকার সংঘের প্রচার সম্পাদক

**বিনোদন ডেস্ক :** বিনোদন সাংবাদিকতায় এক যুগের বেশি সময় ধরে কাজ করছেন কুদরত উল্লাহ। পাশাপাশি নানান ধরনের লেখায় নিজেকে জড়িয়ে রেখেছেন এই তরুণ লেখক। এর বাইরেও নিয়মিত গল্প-নাটক লিখে নিজের নামের সঙ্গে যুক্ত করেছেন নাট্যকার কিংবা লেখক খেতাবটিও। ইতোমধ্যেই তার রচিত একাধিক নাটক প্রচার হয়েছে দেশের জনপ্রিয় টেলিভিশন চ্যানেল ও অনলাইন প্লাটফর্মগুলোতে। বর্তমানে আরটিভি অনলাইনের বিনোদন বিভাগের প্রধান হিসেবে কর্মরত তিনি। এরমধ্যেই দায়িত্ব পেলেন স্বনামধন্য সংগঠন টেলিভিশন নাট্যকার সংঘের প্রচার ও প্রকাশনা সম্পাদক হিসেবে। ২০২৩-২৪ সাল মেয়াদে এই দায়িত্ব পালন করবেন তিনি। সম্প্রতি গুলশানের নিকেতনে টেলিভিশন নাট্যকার সংঘের কার্যালয়ে অনুষ্ঠিত হয় কার্যনির্বাহী কমিটির সভা। সংগঠনটির সভাপতি হারুন-রশিদ এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আহসান আলমগীরের সঞ্চালনায় অষ্টম কার্যনির্বাহী মিটিংয়ে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় সংগঠনের আসন্ন বার্ষিক সাধারণ সভা আয়োজনের আহ্বায়ক কমিটি গঠনসহ আরও বেশ কিছু সিদ্ধান্ত নেওয়া হয়। জানিয়ে রাখা ভালো, ১৯৯৮ সালে প্রথম এবং ২০০১ সালে দ্বিতীয়বারের মতো সম্মেলনের মাধ্যমে নাট্যকাররা একত্র হয়েছিলেন। কিন্তু অল্প সময়ের মধ্যেই তাদের কার্যক্রম বন্ধ হয়ে যায়। পরে ২০১৬ সালের ২ এপ্রিল অনুষ্ঠিত সম্মেলনে ২৩ সদস্যবিশিষ্ট কমিটি গঠনের মধ্য দিয়ে নব-উদ্যমে পথচলা শুরু করে টেলিভিশন নাট্যকার সংঘ। এই ধারাবাহিকতায় প্রতি দুই বছর পরপর নতুন কমিটি গঠিত হচ্ছে। প্রসঙ্গত, বর্তমানে ১৯ সদস্যবিশিষ্ট ২০২২-২৪ মেয়াদে কমিটির সভাপতি হিসেবে বাংলাদেশ টেলিভিশনের সাবেক মহাপরিচালক হারুন রশীদ ও সাধারণ সম্পাদক হিসেবে আহসান আলমগীর দায়িত্ব পালন করছেন। কমিটির অন্যান্যরা হলেন- সহসভাপতি রেজানুর রহমান, উদয় হাকিম ও ইফফাত আরেফীন তন্বী। যুগ্ম সাধারণ সম্পাদক আজম খান, স্বাধীন শাহ্ ও মহিউদ্দিন আহমেদ। এ ছাড়া সাংগঠনিক সম্পাদক পদে রেজাউর রহমান রিজভী, অর্থ সম্পাদক বিদ্যুৎ রায়, তথ্যপ্রযুক্তি ও অনুষ্ঠানবিষয়ক সম্পাদক দীপু হাজরা, দপ্তর সম্পাদক রাজীব মণি দাস, আইন ও সমাজকল্যাণ সম্পাদক আরিফ খান স্বাধীন, প্রশিক্ষণ ও গবেষণা সম্পাদক পদে রয়েছেন অঞ্জন আইচ। পাশাপাশি কমিটিতে কার্যকরী সদস্য হিসেব রয়েছেন- লিপি মনোয়ার, মেজবাহউদ্দীন সুমন, সাজিন আহমেদ বাবু, হাসি ইকবাল।





# আবারও কলকাতার ওয়েব সিরিজে চঞ্চল চৌধুরী

**বিনোদন ডেস্ক :** তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস অবলম্বনে পিরিয়ড ড্রামা 'গণদেবতা' শিরোনামে ওয়েব সিরিজ নির্মাণ করতে যাচ্ছেন নির্মাতা কমলেশ্বর মুখোপাধ্যায়। যেখানে দেবু পণ্ডিতের চরিত্রে অভিনয় করতে যাচ্ছেন বাংলাদেশের গুণী অভিনেতা চঞ্চল চৌধুরী। দুর্গার চরিত্রে দেখা যাবে অরুণিমা ঘোষকে। রয়েছেন কিঞ্জল নন্দ, লোকনাথদের মতো অভিনেতারা। কলকাতার দৈনিক আনন্দবাজারকে কমলেশ্বর জানিয়েছেন, চিত্রনাট্য এখনও চূড়ান্ত না হলেও, অনেকটাই কাজ এগিয়েছে। সেপ্টেম্বর-অক্টোবর নাগাদ শুটিং শুরু করার পরিকল্পনা রয়েছে তাঁদের। চল্লিশের দশকের গোড়ায় প্রকাশিত 'গণদেবতা' ব্রিটিশ রাজ, সেই সময়ের গ্রামবাংলার পরিস্থিতি,শিল্পব্যবস্থার কথা তুলে ধরেছিল। পরে তারাশঙ্করের লেখা 'পঞ্চগ্রাম' উপন্যাসটিকে 'গণদেবতা'র অংশ হিসেবে ধরা হয়। কমলেশ্বর জানালেন, এই দুই উপন্যাস নিয়েই তিনি তাঁর ওয়েব সিরিজ সাজাচ্ছেন। কমলেশ্বর মুখোপাধ্যায় চঞ্চল চৌধুরী প্রসঙ্গে জানিয়েছেন, 'আমার মনে হয়েছে এই চরিত্রটিতে চঞ্চলকে ভাল মানাবে। বলিষ্ঠ অভিনেতা ছাড়া এই চরিত্র করা সম্ভব নয়'। পরিচালক আরও জানিয়েছেন, চঞ্চলের সঙ্গে এ নিয়ে তাঁদের প্রাথমিক কথাবার্তা হয়েছে। অভিনেতার সঙ্গে শুটিংয়ের দিনক্ষণ নিয়ে কথা চলছে আপাতত। নাম চূড়ান্ত না হওয়া নতুন একটি ওয়েব প্ল্যাটফর্মে 'গণদেবতা' সিরিজটি মুক্তি পাবে।

# রহস্যময় চরিত্রে মেহজাবীন

**বিনোদন প্রতিবেদক :** কাজের সংখ্যা, সাফল্য আর জনপ্রিয়তার বিচারে তাকে টিভি নাটকের কুইন বলা চলে। তবে এবারের ঈদে তার চেনা ছন্দে কিছুটা পরিবর্তন দেখা গেছে। ঈদুল আজহায় মাত্র একটি নাটক প্রচার হয়েছে তার। অবশ্য এতে তার জনপ্রিয়তায় ভাঁটা পড়েনি। কারণ, তার অভিনীত 'পুনর্জন্ম- অন্তিম পর্ব' ঈদের অন্যতম আলোচিত নাটকে পরিণত হয়েছে। তিনি মেহজাবীন চৌধুরী। ঈদের একমাত্র কাজের সাফল্যে মন যখন ফুরফুরে, তখন তিনি অবকাশযাপন করছেন যুক্তরাষ্ট্রে। কয়েক দিন ধরে সেখানকার বিভিন্ন দর্শনীয় স্থান ঘুরে বেড়াচ্ছেন, আর বিভিন্ন মুহূর্ত ক্যামেরায় ধারণ করে শেয়ার করছেন ভক্তদের সঙ্গে। কিন্তু শুক্রবার বিকালে আচমকা চমকে দিলেন মেহজাবীন। একটি পোস্টারে একেবারে



ব্যতিক্রম রূপে হাজির হয়েছেন তিনি। তার মুখে অক্সিজেন মাস্ক, রহস্যময় চোখের কাজল বেয়ে পড়ছে নিচের দিকে। পোস্টারে লেখা- 'আমি কী তুমি?'। খোঁজ নিয়ে জানা গেলো, এটি একটি ওয়েব সিরিজ। নির্মাণ করেছেন ভিকি জাহেদ। সেটার ফার্স্টলুক পোস্টারেই এমন চমকে দিলেন মেহু। মেহজাবীন পোস্টারটি সোশ্যাল হ্যান্ডেলে শেয়ার করে লিখেছেন, "আমি কী তুমি? এই প্রশ্নের উত্তর কখনও শুধু 'হ্যাঁ' বা 'না' হতে পারে না। উত্তরটা আপনাদের জানাতে শিগগির আসছি আমরা।"